নুশিন ইলেকট্রনিক্স



প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।

স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

বৃহস্পতিবার
রেজিঃ নং-চ-৫১৩
২৯ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৮৬
১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

ফরিদগঞ্জে ১৩ দিনের নবজাতক রেখে প্রবাসীর স্ত্রীর আত্মহত্যা

বিশেষ প্রতিনিধি

মাত্র তেরো দিনের এক নবজাতক ও তিন বছরের অপর এক সন্তানকে রেখে চিরতরে না ফেরার দেশে চলে গেলেন সুইটি আক্তার (২২) নামের এক প্রবাসীর স্ত্রী। স্বামী-স্ত্রীর মধ্যকার পারিবারিক কলহের জেরে গলায় ওড়না পেঁচিয়ে এই আত্মহত্যার ঘটনা ঘটে। বুধবার (২৮শে অক্টোবর) ভোররাতে ফরিদগঞ্জ উপজেলার দক্ষিণ ইউনিয়নের হর্নি দুর্গাপুর গ্রামের মোস্তফা রাঢ়ীর বাড়িতে এই হৃদয়বিদারক ঘটনা ঘটে। নিহত সুইটি আক্তারের স্বামী মোহাম্মদ হোসেন দীর্ঘদিন ধরে কাতার প্রবাসী। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, সদ্য জন্ম নেওয়া নবজাতককে নিয়ে সুইটি আক্তার নিজ বাবার বাড়িতে অবস্থান করছিলেন। ঘটনার দিন গভীর রাতে প্রবাসী স্বামী মোহাম্মদ হোসেনের সঙ্গে মুঠোফোনে সুইটির কথা কাটাকাটি হয়। পরিবারের ধারণা, ওই কথাকাটাকাটির জেরে চরম অভিমান ও মানসিক অবসাদ থেকেই রাতের কোনো এক সময়ে বসতঘরের সিলিং ফ্যানের সঙ্গে ওড়না পেঁচিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহননের পথ বেছে নেন তিনি। ভোরে পরিবারের লোকজন তাঁর ঝুলন্ত মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেন। খবর পেয়ে ফরিদগঞ্জ থানার উপ-পরিদর্শক (এসআই) মো. আবু হানিফ সঙ্গীয় ফোর্সসহ দ্রুত ঘটনাস্থলে পৌঁছান এবং নিহতের মরদেহ উদ্ধার করে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত শেষে ময়নাতদন্তের জন্য চাঁদপুর জেনারেল হাসপাতালের মর্গে প্রেরণ করেন। ● ২-এর পাতায় দেখুন

নিষেধাজ্ঞা চলাকালীন ১৮৩ জেলের কারাদণ্ড

আজ মধ্যরাতে শেষ হচ্ছে ইলিশ ধরার নিষেধাজ্ঞা

স্টাফ রিপোর্টার

মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে চাঁদপুর সীমানাধীন পদ্মা-মেঘনা নদীতে সরকার ঘোষিত ২২ দিনের বিশেষ মৎস্য নিষেধাজ্ঞা আজ মধ্যরাতে শেষ হতে যাচ্ছে।

জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটির কঠোর নজরদারি এবং প্রশাসনের ধারাবাহিক সাঁড়াশি অভিযানের মধ্য দিয়ে ইতিমধ্যে নিষেধাজ্ঞার ২০টি দিন পার হয়েছে। সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ নিধনের দায়ে এ পর্যন্ত ১৮৩ জন জেলেকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে।



জেলেপল্লিগুলোতে চলছে জাল মেরামত ও নৌকা প্রস্তুতের কাজ।

চাঁদপুর জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফখরুল ইসলাম স্বাক্ষরিত সর্বশেষ অভিযানের তথ্যচিত্র থেকে এই তথ্য নিশ্চিত হওয়া গেছে।

তথ্যসূত্রে জানা যায়, মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬ সফল করতে জেলাজুড়ে ব্যাপক তৎপরতা চালিয়েছে প্রশাসন। গত ২৮ অক্টোবর পর্যন্ত বিগত ২০ দিনে চাঁদপুর জেলায় মোট ৯০টি মোবাইল কোর্ট পরিচালনা এবং ২২৯টি পৃথক অভিযান চালানো হয়েছে। এই সময়ে ৩৬টি মাছ অবতরণ কেন্দ্র, ২৪৮টি মাছঘাট, ১ হাজার ২৫৩টি আড়ত এবং ২৬৯টি বাজার নিবিড়ভাবে পরিদর্শন করে মনিটরিং টিম।

টাস্কফোর্সের এসব অভিযানে আইন অমান্যকারীদের বিরুদ্ধে মোট ১৬০টি মামলা দায়ের এবং ৩ লাখ ৯২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। এ ছাড়া নদী ও বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এখন পর্যন্ত সর্বমোট ২.৭৩৯ মেট্রিক টন ইলিশ মাছ এবং ১১ লাখ ৮৫ হাজার ৮০০ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়েছে।

মা ইলিশ রক্ষায় সরকার নির্ধারিত এই বিশেষ নিষেধাজ্ঞা সফল করতে চাঁদপুর জেলা প্রশাসন, মৎস্য অধিদপ্তর, কোস্টগার্ড ও নৌ পুলিশ যৌথভাবে মাঠে কাজ করেছে। মা ইলিশের নিরাপদ বিচরণ নিশ্চিত করতে জেলা ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের উদ্যোগে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের নবীন বরণে উপাচার্য প্রফেসার ড. এম. আতিকুর রহমানকে ফুলেলে শুভেচ্ছা জানান।

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের নবীন বরণ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের শাখার উদ্যোগে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৮ অক্টোবর) বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের হলরুমে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভাইস-চ্যান্সেলর) প্রফেসার ড. এম. আতিকুর রহমান। তিনি তার বক্তব্যে বলেন, তোমাদের জাতির স্বার্থে গড়ে উঠতে হবে। ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর জেলা প্রশাসন ও বিআরটিএ যৌথ আয়োজনে জাতীয় নিরাপদ সড়ক দিবসে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান এর নেতৃত্বে রোডশো।

চাঁদপুরে নিরাপদ সড়ক দিবস-২০২৬ পালিত

সড়ক নিরাপদ রাখতে সচেতনতা ও ট্রাফিক আইন মানা একান্ত প্রয়োজন

------ জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর জেলা প্রশাসন ও বিআরটিএ চাঁদপুর সার্কেলের যৌথ আয়োজনে জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০২৬ উপলক্ষ রোডশো ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ২৮ অক্টোবর (বুধবার) সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতির বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। তিনি বলেন, আপনারা যারা মোটর সাইকেল ব্যবহার করেন অবশ্যই ● ২-এর পাতায় দেখুন

রক্তাক্ত ২৮ অক্টোবর উপলক্ষে খুনিদের বিচারের দাবিতে

চাঁদপুরে জামায়াতের আলোচনা সভা ও ডকুমেন্টারি প্রদর্শনী

স্টাফ রিপোর্টার

রক্তাক্ত ২৮ অক্টোবর উপলক্ষে দেশব্যাপী লগি-বৈঠা দিয়ে বর্বরোচিত হামলাকারী আওয়ামী সন্ত্রাসী, খুনিদের বিচারের দাবিতে আলোচনা সভা ও ডকুমেন্টারি প্রদর্শনী অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর শহর শাখার উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বুধবার ২৮শে অক্টোবর বিকেল ৪টায় চাঁদপুর প্রেসক্লাব মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রধান অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিসে শুরার সদস্য ও জেলা আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজি। তিনি বলেন, ২০০৬ সালের ২৮ শে অক্টোবর এই দিনটি ছিলো খুবই বেদনা দায়ক। এই দিনে চারদলীয় জোটের শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরের দিন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সমাবেশে শেখ হাসিনা তার সন্ত্রাসীবাহিনী দিয়ে লগি বৈঠা নিয়ে বর্বরোচিত হামলা চালিয়ে অনেক ● ২-এর পাতায় দেখুন



রক্তাক্ত ২৮ অক্টোবর উপলক্ষে খুনিদের বিচারের দাবিতে আলোচনা সভা ও ডকুমেন্টারি প্রদর্শনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা জামায়াতের আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

চাঁদপুরে জেলেদের চাল চুরি : ওসির কাছে প্রতিবেদন চাইলেন আদালত

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে জেলেদের জন্য বরাদ্দকৃত সরকারি চাল চুরি করে খোলাবাজারে বিক্রির ঘটনায় লক্ষ্মীপুর মডেল ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা (সচিব) গোলাম মোস্তফা শামীমের বিরুদ্ধে বিভাগীয় মামলা হয়েছে। তবে এ ঘটনায় থানায় মামলা বা সাধারণ ডায়েরি (জিডি) হয়েছে কি না এবং চুরি, ক্রয়-বিক্রয় ও পরিবহনে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা জানতে চেয়েছেন আদালত। একই সঙ্গে ২৯ অক্টোবরের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) নির্দেশ দিয়েছেন চাঁদপুরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট।

মঙ্গলবার (২৭ অক্টোবর) রাতে ● ২-এর পাতায় দেখুন



যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মতলব উত্তরে আয়োজিত র‍্যালি।

মতলবে প্রতিষ্ঠাবার্ষিকীতে যুবদলের উপস্থিতি নিয়ে হতাশা

ব্যক্তিপূজা নয়, সংগঠনের চর্চা করুন

--------কেন্দ্রীয় যুবদল নেতা শাওন

স্টাফ রিপোর্টার

জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত কর্মসূচিতে নেতাকর্মীদের উপস্থিতি কম দেখে হতাশা প্রকাশ করেছেন কেন্দ্রীয় ও জেলা পর্যায়ের নেতারা। একই সঙ্গে ব্যক্তির চর্চা নয়, সংগঠনের চর্চা করে দলকে শক্তিশালী করার আহ্বান জানিয়েছেন কেন্দ্রীয় যুবদলের সহ-সাংগঠনিক সম্পাদক নাছির উদ্দিন সরকার শাওন। বুধবার (২৮ অক্টোবর) দুপুরে মতলব উত্তর উপজেলায় উপজেলা যুবদল ও ছেংগারচর পৌর যুবদলের যৌথ উদ্যোগে আয়োজিত র‍্যালি ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় ইয়াবাসহ এক যুবক গ্রেপ্তার

কচুয়া প্রতিনিধি

কচুয়া পৌরসভার মাছিমপুর গ্রামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিশেষ অভিযানে ১০৫ পিস ইয়াবাসহ মো. বিল্লাল হোসেন (৩৫) নামের এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে।

গত মঙ্গলবার (২৭ অক্টোবর ২০২৬) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁদপুরের উদ্যোগে এই অভিযান পরিচালিত হয়।

গ্রেপ্তারকৃত বিল্লাল হোসেন কচুয়া পৌরসভার ৭নং ওয়ার্ডের মাছিমপুর ভূঁইয়া বাড়ির মৃত আব্দুল জলিল ও মৃত মইফল বেগমের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে মাছিমপুর গ্রামে আসামির বসতঘরে অভিযান চালিয়ে তল্লাশি করা হয়। এ সময় তাঁর পরিহিত ● ২-এর পাতায় দেখুন



আল আমিন একাডেমিতে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন অধ্যক্ষ মোহাম্মদ সাইফুল ইসলাম।

আল আমিন একাডেমিতে সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

শহর প্রতিনিধি

চাঁদপুরে আল আমিন একাডেমি স্কুল অ্যান্ড কলেজে বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৮ অক্টোবর) দুপুর ১২টায় প্রতিষ্ঠানের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ মোহাম্মদ সাইফুল ইসলাম। ● ২-এর পাতায় দেখুন

৩৫তম জাতীয় সাঁতার প্রতিযোগিতায় চাঁদপুরের ৩ সুইমিং ক্লাবের অংশগ্রহণ

স্টাফ রিপোর্টার

বুধবার (২৮ অক্টোবর ২০২৬) রাজধানী ঢাকায় আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে ৩৫তম জাতীয় সাঁতার, ডাইভিং ও ওয়াটার পোলো প্রতিযোগিতা। বাংলাদেশ সুইমিং ফেডারেশনের উদ্যোগে এবং ম্যাক্স গ্রুপের সহযোগিতায় আয়োজিত এই প্রতিযোগিতাটি বিকেল ৩টায় ● ২-এর পাতায় দেখুন



শাহরাস্তির চিতোষী পূর্ব ইউনিয়ন জামায়াতের আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি মাওলানা আবুল হোসাইন।

শাহরাস্তির চিতোষী পূর্ব ইউনিয়ন জামায়াতের আলোচনা সভা

সাইফুদ্দীন

শাহরাস্তি উপজেলার চিতোষী পূর্ব ইউনিয়নে ২৮শে অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে শহীদদের স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৮ অক্টোবর) ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ও স্থানীয় জনগণের অংশগ্রহণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে চিতোষী পূর্ব ইউনিয়ন জামায়াতের আমির মাওলানা আমিনুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি মাওলানা আবুল হোসাইন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহরাস্তি উপজেলা জামায়াতের আমির মোস্তফা কামাল ও উপজেলা নায়েবে আমির ● ২-এর পাতায় দেখুন

রহিমানগর বাজারের অবৈধ স্থাপনা উচ্ছেদ, ৫ জনকে জরিমানা

কচুয়া প্রতিনিধি

কচুয়ার রহিমানাগর বাজারে যানজট নিরসন ও পথচারীদের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করতে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী। এ সময় রাস্তা ও ফুটপাত দখল করে রাখা স্থাপনা ভেঙে দেওয়া হয়। সরকারি নির্দেশনা অমান্য করায় ৫জনকে মোট ৬৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার (২৮ অক্টোবর) দুপুর ১২ টার থেকে বিকেল ৩টা পর্যন্ত ৪ ঘণ্টা এ অভিযান পরিচালিত হয়। ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর প্রেস ক্লাবের মেডিকেল ক্যাম্প ৫ নভেম্বর

চাঁদপুর প্রেস ক্লাবের সকল সম্মানিত সদস্যবৃন্দ/ সাংবাদিকবৃন্দ, চাঁদপুর টেলিভিশন সাংবাদিক ফোরামের সদস্যবৃন্দ, চাঁদপুর জেলা ফটোজার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সদস্যবৃন্দ, তাদের পরিবারের সদস্যবৃন্দ এবং মাঠ পর্যায়ের ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
২৯ অক্টোবর ২০২৬
বৃহস্পতিবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

মতলব উত্তরের আনাসের হাফেজ হওয়ার গৌরব, কুরআন অ্যাওয়ার্ডে সম্মানিত

গোলাম নবী খোকন



কুরআন অ্যাওয়ার্ডে সম্মানিত মতলব উত্তরের হাফেজ আনাস।

পবিত্র কোরআনের হাফেজ হয়ে পরিবার ও এলাকার গর্ব হয়ে উঠেছে মতলব উত্তর উপজেলার তাসমিমুল ইসলাম আনাস। তানযীমুল উম্মাহ ফাউন্ডেশন আয়োজিত ১৪তম হিফযুল কুরআন অ্যাওয়ার্ড ও কুরআন উৎসব-২০২৬ অনুষ্ঠানে সম্মাননা পেয়েছে সে। ছেলের এ অর্জনে আনন্দিত বাবা-মা ও পরিবারের সদস্যরা। তাঁদের প্রত্যাশা, পবিত্র কোরআনের শিক্ষা ধারণ করে আনাস ভবিষ্যতে দ্বীন ও মানবতার কল্যাণে কাজ করবে। সোমবার (২৬ অক্টোবর) রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত এ অনুষ্ঠানে তানযীমুল উম্মাহ ফাউন্ডেশন পরিচালিত বিভিন্ন শাখার ১ হাজার ৭৫৯ জন হাফেজ শিক্ষার্থীকে ক্রেস্ট, সনদ, পাগড়ি বা স্কার্ফ এবং অ্যাওয়ার্ড ● ২-এর পাতায় দেখুন

নারায়ে তাকবীর বাংলাদেশ
বিসমিল্লাহির রাহমানির রাহীম
আল্লাহু আকবার জিন্দাবাদ

ইসলামী সমাজকল্যাণ পরিষদ চাঁদপুর এর উদ্যোগে

সীরাতুন্নবী (সাঃ) মাহফিল

৩১ অক্টোবর ২০২৬
রোজ: শনিবার
বিকাল ৩ ঘটিকা

স্থান: হাসান আলী উচ্চ বিদ্যালয় মাঠ চাঁদপুর।

প্রধান অতিথি
উপমহাদেশের প্রখ্যাত আলেমেদ্বীন, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও আওলাদে রাসূল ছাইয়্যেদ
মোঃ আনোয়ার হোসাইন তাহের জাবেরী আল-মাদানী
খতিব, শাহী জামে মসজিদ, আন্দরকিল্লা, চট্টগ্রাম।

প্রধান বক্তা
বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও গবেষক
মুহাদ্দিস আবু নছর আশরাফী
প্রধান মুহাদ্দিস, হাজীগঞ্জ আহমাদিয়া কামিল মাদ্রাসা, হাজীগঞ্জ, চাঁদপুর।

বিশেষ অতিথি
বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, তরুন বক্তা ও সু-মধুর কণ্ঠস্বর
আলহাজ্ব হযরত মাওলানা মুহাম্মদ সালাহউদ্দিন চাঁদপুরী
খতিব, পি ডব্লিউ ডি জামে মসজিদ, নয়াপল্টন, ঢাকা।
হযরত মাওলানা হাফিজ আহমাদ আনসারী
খতিব, চিশতিয়া জামে মসজিদ, চাঁদপুর।
অধ্যাপক মাওলানা ছোহাইল আহমাদ চিশতী
খতিব, দারুসসালাম জামে মসজিদ, নিউ ট্রাক রোড, চাঁদপুর।

সভাপতিত্ব করবেন
আল্লামা খাজা মোঃ অলিউল্লাহ
পীর সাহেব, ইসলামপুর গাছতলা ও
সভাপতি, ইসলামী সমাজকল্যাণ পরিষদ, চাঁদপুর।

নিবেদক: সকল মুসলমান ভাইগণ মাযহাবিলে দলে দলে যোগদিন।
এবারের মাযহাবিলে বিশেষ আকর্ষণ: নাতে রাসূল (সাঃ) পরিবেশনায়: হিলশা সাহিত্য সাংস্কৃতিক সংসদ ও মোহনা শিল্পীগোষ্ঠী, চাঁদপুর।

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।

নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

হিলশা ইলেকট্রনিক্স
বিসমিল্লাহির রাহমানির রাহিম



WALTON KONKA GREE AC কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে ৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

বৃহস্পতিবার ২৯ অক্টোবর ২০২৬, ১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ১৭ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

সরকারের সমালোচনা করলেই গ্রেপ্তার, এটা মানবাধিকারের লঙ্ঘন : আখতার হোসেন

দিগন্ত ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেন বলেছেন, ফেসবুকে সরকারবিরোধী মন্তব্য করায় ময়মনসিংহের নারী উদ্যোক্তা সাথী আক্তারকে গ্রেপ্তার করা হয়েছে। অথচ সরকারের সমালোচনা করলেই কাউকে গ্রেপ্তার করা যায় না। সরকারের সমালোচনার কারণে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দেওয়া মানবাধিকারের লঙ্ঘন।

সামাজিক যোগাযোগমাধ্যমে সরকারের সমালোচনার দায়ে গ্রেপ্তার ময়মনসিংহের নারী উদ্যোক্তা সাথী আক্তারের মুক্তির দাবিতে বুধবার (২৮ অক্টোবর) দুপুরে রাজধানীর শাহবাগে জাতীয় নারীশক্তির মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আখতার হোসেন বলেন, গত আট মাসে বিএনপি সরকার গঠনের পর এখন পর্যন্ত নিজেদের মধ্যে সহিংসতায় বিএনপি ও অঙ্গসংগঠনের ৪০ জনের মতো নেতাকর্মী নিহত হয়েছেন। এতে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির চিত্র স্পষ্ট হয়ে উঠেছে।

● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে মাসিক আইনশৃঙ্খলা সভা

হাজীগঞ্জে ডোপ টেস্ট চালুর বিষয়ে উদ্যোগ নেয়া হবে

-----ইউএনও মো. ইবনে আল জায়েদ হোসেন



হাজীগঞ্জ উপজেলা প্রশাসনের মাসিক আইনশৃঙ্খলা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন।

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলা প্রশাসনের নিয়মিত মাসিক আইনশৃঙ্খলা সভা ২৮ অক্টোবর, বুধবার, উপজেলা ই-সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার শুরুতে দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় টেক অফিসার, পুলিশ প্রশাসন, আনসার সদস্যসহ প্রশাসনের বিভিন্ন টিমের তৎপরতার জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান সভার সভাপতি।

সভায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান আকন তাঁর বক্তব্যে বলেন, "ভূমিসেবা নিতে গিয়ে কেউ হয়রানির শিকার হলে সরাসরি আমার কাছে চলে আসবেন। আমি বিষয়টি যাচাই করে তাৎক্ষণিক সমাধানের ব্যবস্থা করব। মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে থানার অফিসার ইনচার্জ আমাকে অবহিত করলে ঘটনাস্থলে পৌঁছে মোবাইল কোর্ট পরিচালনা করব।"

হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মো. কাওসার আলম ভূঁইয়া বলেন, "চলতি মাসের ৬ তারিখ আমি যোগদান করেছি। যোগদানের

● ২-এর পাতায় দেখুন



অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব উলংগংয়ের সঙ্গে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি সমঝোতা স্মারক বিনিময় করছেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এবং ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান ড. মো. সবুর খান ও অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব উলংগংয়ের গ্লোবাল এনগেজমেন্টের অন্তর্বর্তীকালীন প্রো ভাইস-চ্যান্সেলর অধ্যাপক জিয়াংতাও শি।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও ইউনিভার্সিটি অব উলংগংয় অস্ট্রেলিয়া এর সমঝোতা

আন্তর্জাতিক উ"চশিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব উলংগংয়ের সঙ্গে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ২+২ ও ৩+১ শিক্ষাপথ চালুর বিষয়ে সমঝোতা হয়েছে। ২৮ অক্টোবর অস্ট্রেলিয়ার উলংগংয়ে ইউওডব্লিউর মূল ক্যাম্পাসে অনুষ্ঠিত এক বৈঠকে এ সমঝোতা হয়। ডিআইইউর পক্ষে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এবং

● ৩-এর পাতায় দেখুন

ছেংগারচর বাজারের নিরাপত্তা ও শৃঙ্খলা নিয়ে বণিক সমিতির সাথে ইউএনও'র মতবিনিময়

স্টাফ রিপোর্টার

মতলব উত্তর উপজেলার ছেংগারচর পৌর বাজারের নিরাপত্তা জোরদার, চুরি প্রতিরোধ, যানজট নিরসন, পরিচ্ছন্নতা ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন নিয়ে বাজারের বণিক সমিতি ও ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও ছেংগারচর পৌর প্রশাসক মাহমুদা কুলসুম মনি। বুধবার (২৮ অক্টোবর) ছেংগারচর পৌর বাজার বণিক সমবায় সমিতি লিমিটেডের সদস্যদের সঙ্গে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়। মতবিনিময়ে বাজারের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে নাইটগার্ড নিশ্চিত করা, সিসিটিভি ক্যামেরার কার্যকারিতা, ময়লা ফেলার নির্ধারিত স্থান নিশ্চিত করা, যানজট নিরসন এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের বিষয়গুলো গুরুত্ব পায়।আসন্ন শীত মৌসুমে চুরির ঘটনা বেড়ে যাওয়ার আশঙ্কা বিবেচনায় নিয়ে বাজারের



মতলব উত্তরে ছেংগারচর পৌর বাজার বণিক সমবায় সমিতির সদস্যদের সঙ্গে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন ইউএনও মাহমুদা কুলসুম মনি।

নিরাপত্তাব্যবস্থা জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়। একই সঙ্গে বাজারের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে ব্যবসায়ীদের সচেতন হওয়ার আহ্বান জানানো হয়। এ সময় ইউএনও মাহমুদা কুলসুম মনি বলেন, ছেংগারচর পৌর বাজারের নিরাপত্তা, শৃঙ্খলা ও পরিচ্ছন্নতা বজায় রাখতে ব্যবসায়ী সমিতি, ব্যবসায়ী ও প্রশাসনকে সমন্বিতভাবে কাজ করতে হবে। বিশেষ করে সামনে শীত মৌসুম, এ সময়ে চুরি প্রতিরোধে বাজারের নিরাপত্তাব্যবস্থা জোরদার করা প্রয়োজন। সিসিটিভি ক্যামেরা সচল রাখা, নাইটগার্ডের মাধ্যমে নিয়মিত পাহারার

● ৩-এর পাতায় দেখুন

আনোয়ারামতিউর মডেল মাদ্রাসার

মাহফিল ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

শহর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভার ১৫নং ওয়ার্ডের বিষ্ণুদী জিটি রোড উত্তর আনোয়ারা-মতিউর মডেল মাদ্রাসার ১১তম বার্ষিক ঈছালে ছওয়াব মাহফিল শুক্রবার (৩০ অক্টোবর ২০২৬) বাদ আছর জিটি রোডস্থ সামু গাজী বাড়ি বাইতুল মামুর জামে মসজিদ ও ঈদগাহ কমপ্লেক্স ময়দানে অনুষ্ঠিত হবে।

এতে সভাপতিত্ব করিবেন চাঁদপুর জেলা জমইয়াতে হিযবুল্লাহর সভাপতি মাওঃ মোঃ সাইফুদ্দিন খন্দকার। প্রধান ওয়ায়েজ মান্দারী ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা নেছার আহমদ মান্দারী। অন্যান্যের মধ্যে ওয়াজ করিবেন ফরিদগঞ্জ দারুস সুন্নাহ সিদ্দিকিয়া সিরাজিয়া কমপ্লেক্সের পরিচালক মুফতি আহসান উল্লাহ নেছারী, হাসা আল আমিন ফাজিল মাদ্রাসার শিক্ষক মাওলানা হাবিবুর রহমান মোহেব্বী, মমিন পাড়া দারুচ্ছুন্নাত তাহফিজুল কুরআন মাদ্রাসার পরিচালক হাফেজ মাওঃ

● ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে বিক্ষোভ সমাবেশ

'আমরা জীবন দিতে জানি, পরাজয় বরণ করতে জানি না' -ডা. আবদুল মুবিন

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তরে ২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। বুধবার (২৮ অক্টোবর) বিকেলে মতলব উত্তর উপজেলা জামায়াতে ইসলামী ও ছেংগারচর পৌর জামায়াতের উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে কুমিল্লা মহানগর জামায়াতের যুগ্ম সাধারণ সম্পাদক ডা. আবদুল মুবিন বলেন,

● ২-এর পাতায় দেখুন



২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে মতলব উত্তরে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কুমিল্লা মহানগর জামায়াতের যুগ্ম সাধারণ সম্পাদক ডা. আবদুল মুবিন।



২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবসে ফরিদগঞ্জে জামায়াতের আলোচনা সভায় বক্তব্য রাখছেন উপজেলা জামায়াতের আমীর মাওলানা ইউনুছ হেলাল।

২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবসে

ফরিদগঞ্জে জামায়াতের আলোচনা সভা

ফরিদগঞ্জ প্রতিনিধি

২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে ফরিদগঞ্জ উপজেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৮ অক্টোবর) বাদ মাগরিব উপজেলা জামায়াতের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য

● ৩-এর পাতায় দেখুন

হাইমচরে পল্টন ট্র্যাজেডি স্মরণে জামায়াতের দোয়া মাহফিল

মেহেরাব

হাইমচরে ২৮ অক্টোবর পল্টন ট্র্যাজেডিতে নিহতদের স্মরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী হাইমচর উপজেলা শাখা।

বুধবার (২৮ অক্টোবর) বিকেল ৪টায় 'শহীদের আত্মত্যাগ স্মরণে অন্যায়-অবিচারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার প্রত্যয়' নিয়ে এ কর্মসূচির আয়োজন করা হয়।

এতে উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা জামায়াতের আমির মাওলানা আবুল হোসেন, সেক্রেটারি মোহাম্মদ জসীমউদ্দীন বাহার, সহকারী সেক্রেটারি সাদিক জাফর, ৩ নম্বর দক্ষিণ আলগী

● ৩-এর পাতায় দেখুন



হাইমচরে জামায়াতের দোয়া মাহফিলে উপস্থিত হাইমচর উপজেলা জামায়াতের আমির মাওলানা আবুল হোসেন।





ফরিদগঞ্জ প্রেসক্লাবে জরুরি প্রতিবাদ সভায় সভাপতির বক্তব্য রাখছেন আবু হেনা মোস্তফা কামাল।

ফরিদগঞ্জে সাংবাদিক লাঞ্ছিত, বিএনপির সংবাদ বর্জনের ঘোষণা

ইয়াছিন পালোয়ান

ফরিদগঞ্জে সাংবাদিকদের সাথে বিএনপির কয়েকজন নেতাকর্মীর অব্যাহত অসদাচরণ, হুমকি-ধমকি, মারধর ও লাঞ্ছিতের ঘটনা ঘটেছে। উল্লেখিত ঘটনার প্রতিবাদে অনির্দিষ্টকালের জন্য ফরিদগঞ্জে বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের সভা-সমাবেশের সকল সংবাদ বর্জনের ঘোষণা দিয়েছেন সাংবাদিকরা। বুধবার (২৮ অক্টোবর) সকাল থেকে দুপুর পর্যন্ত ফরিদগঞ্জ প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত জরুরি

● ৩-এর পাতায় দেখুন



হাইমচরে যুবদলের বর্ণাঢ্য র‍্যালি।

হাইমচরে যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি

হাইমচর প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাইমচরে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) সকাল ১১টায় হাইমচর উপজেলা যুবদলের আয়োজনে উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে র‍্যালিটি বের করা হয়। র‍্যালিটি আলগী বাজারের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় বিএনপি কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা বিএনপির সভাপতি আমিন উল্লাহ বেপারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম শফিক পাটওয়ারী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য দেন চাঁদপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক ফয়সাল গাজী বাহার।

● ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ২৯ অক্টোবর

১৯২৩ সালে ঐতিহাসিক ওসমানী সাম্রাজ্যের (১২৯৯ - ১৯২৩) বিলুপ্তি ঘটিয়ে মুস্তাফা কামাল আতাতুর্ক ধর্মনিরপেক্ষ প্রজাতন্ত্র হিসেবে "তুরস্ক" রাষ্ট্রের পত্তন ঘটান। ১৯৪১ সালে হলোকাস্টে কাউনাস ঘেটোতে নবম দুর্গে নাৎসি জার্মানির দখলদার বাহিনী ১০ হাজারের বেশি ইহুদিকে হত্যা করে। ২০১৫ সালে চীন ৩৫ বছর পর এক-সন্তান নীতি বাতিলের ঘোষণা দেয়।১৯৪১ সালে জন্মগ্রহণ করেন মতিউর রহমান (বীরশ্রেষ্ঠ), বাংলাদেশের একজন শহীদ মুক্তিযোদ্ধা। এইদিন বিশ্ব স্ট্রোক দিবস, জাতীয় বিড়াল দিবস এবং আন্তর্জাতিক যত্ন ও সহায়তা দিবস পালিত হয়।

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, চামড়ার, রাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস্)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, জন্ম (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস., বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ল্যাপারোসকোপি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ড্রোলজী, প্যাপারেডপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএস (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
সিসিডি (বারডেম), ডিএমইটি এডমফ (অস্ট্রেলিয়া)
ব্রেষ্ট ইন ট্রেনিংএ (সেলেকটিভ)
সহকারী রেজিষ্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসর সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস., বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কোপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনেরাল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
● এনআইসিইউ ● পিআইসিইউ ● সেন্ট্রাল অক্সিজেন
● মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
● সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
● উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
● ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
● জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
● প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
● ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ ***অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান***, সম্পাদক ও প্রকাশক ঃ ***এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া***, নির্বাহী সম্পাদক ঃ ***মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী***, যুগ্ম সম্পাদক : ***আব্দুস শুকুর মস্তান***, ব্যবস্থাপনা সম্পাদক ঃ ***এ্যাডভোকেট শাহজাহান খান***, যুগ্ম বার্তা সম্পাদক ঃ ***আদনান আল মুরাদ***, মফস্বল সম্পাদক ঃ ***এম এ গফুর***, বিশেষ প্রতিনিধি ঃ ***আবু সুফিয়ান ভূইয়া***, আইটি ইনচার্জ ঃ ***জি এম এমরান হোসেন*** সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বৃহস্পতিবার ॥ ২৯ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

সারের ডিলার নিয়োগে অনিয়ম

খাদ্যনিরাপত্তাকে ঝুঁকিতে ফেলা যাবে না

সারা দেশে সারের ডিলার নিয়োগে দলীয়করণ, স্বজনপ্রীতি ও আর্থিক লেনদেনের গুরুতর অভিযোগ উঠেছে। উদ্বেগজনক বিষয় হচ্ছে, নীতিমালায় সুস্পষ্টভাবে যোগ্যতা ও ব্যবসায়িক অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ করা থাকলেও তা লঙ্ঘন করে রাজনৈতিক পরিচয় ও দলীয় সুপারিশকেই তালিকা তৈরিতে অগ্রাধিকার দেওয়া হয়েছে। দলীয় লোক ও অনভিজ্ঞরা ডিলারশিপ পাওয়ায় ভবিষ্যতে সার নিয়ে সংকট আরও তীব্র আকার নিতে পারে। মধ্যপ্রাচ্য যুদ্ধ পরিস্থিতি ও বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলে যে অনিশ্চয়তা তৈরি হয়েছে, সেখানে যদি সার নিয়ে নতুন সংকট তৈরি হয়, তাহলে আমাদের খাদ্যনিরাপত্তা ঝুঁকির মধ্যে পড়বে।

এ পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি সারের ডিলার নিয়োগ নিয়ে অনিয়মের অভিযোগ তদন্ত করে ব্যবস্থা নেওয়ার যে সুপারিশ করেছে, সেটা অত্যন্ত যৌক্তিক। প্রথম আলোর খবর জানাচ্ছে, সোমবারের বৈঠকে সংসদ সদস্যদের কেউ কেউ ক্ষোভ ও অসন্তোষও প্রকাশ করেন। যেসব জায়গায় অনিয়মের সুনির্দিষ্ট অভিযোগ আছে, সেখানে আপাতত সারের ডিলারশিপ স্থগিত রাখার কথাও আলোচিত হয়েছে। আমরা মনে করি, দ্রুত এ ব্যাপারে নিরপেক্ষ তদন্ত করে সরকারকে ন্যায্য ও কৃষকবান্ধব পদক্ষেপ নিতে হবে।

আজ মধ্যরাতে শেষ

টাস্কফোর্সের সভাপতি ও জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান নিজে উপস্থিত থেকে মেঘনা নদীতে সাঁড়াশি অভিযান পরিচালনা করেন।

অভিযান পরিচালনাকালে জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফখরুল ইসলাম, চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জামিউল হিকমা, সহকারী কমিশনার এ হাশেম, সদর নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আজমগীর হোসাইন এবং কোস্টগার্ডের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন। আজ মধ্যরাত থেকে নিষেধাজ্ঞা উঠে যাওয়ায় জেলেরা আবারও নদীতে ইলিশ আহরণে নামতে পারবেন।

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি

সকলকে মানসিকতার পরিবর্তন করতে হবে। দেশ ও জনগণের স্বার্থে কাজ করতে হবে। তোমরাই আগামী দিনের কর্ণধার। স্বাধীনতা যুদ্ধসহ দেশের সকল আন্দোলন-সংগ্রামে শিক্ষার্থীরা সবার আগে ঝাঁপিয়ে পড়েছে। সর্বশেষ ২৪ জুলাইয়ের আন্দোলনেও শিক্ষার্থীরা অগ্রণী ভূমিকা পালন করেছে।

তিনি বলেন, শিক্ষার্থীদের রাজনীতি করতে হবে, তবে সেই রাজনীতি হতে হবে দেশ ও মানুষের কল্যাণে। শিক্ষার্থীদের নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলে দেশের উন্নয়ন ও অগ্রগতিতে ভূমিকা রাখতে হবে।

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস প্রসঙ্গে উপাচার্য বলেন, এটা সত্য যে, আমাদের এখনো নিজস্ব ক্যাম্পাস নেই। সবার আকাঙ্ক্ষা নিজস্ব ক্যাম্পাসে একটু পা রাখা। আমরাও চাই দ্রুত নিজস্ব ক্যাম্পাস হোক। আমরা আশাবাদী, অচিরেই সরকার নিজস্ব ক্যাম্পাসের বিষয়ে সিদ্ধান্ত দেবে।

বিশেষ অতিথির বক্তব্যে চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. সলিম উল্যা সেলিম বলেন, আজকের দিনটি আমাদের জন্য অত্যন্ত আনন্দঘন। আমরা নতুন-পুরাতন শিক্ষার্থী ও শিক্ষকদের সঙ্গে একাত্মতা প্রকাশ করে একটি নতুন ক্যাম্পাসের প্রত্যাশা করছি। আমাদের প্রত্যাশা, নিজস্ব ক্যাম্পাসের বিষয়টি অতি দ্রুত বাস্তবায়ন করা হবে। চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি রাকিল কবির নেহালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রো-ভিসি) প্রফেসর ড. মোহাম্মদ লোকমান হোসেন এবং চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি। বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক মো. ইফতিখারুল আলম বসুনীয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রিন্স মাহমুদ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের চেয়ারম্যান ও ছাত্রী হলের প্রভোস্ট নাজিম উদ্দীন, চাঁদপুর জেলা ছাত্রদলের সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগ, চাঁদপুর মেডিকেল কলেজ ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক পি. এস. মং, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য আবু সাঈদ।

নবীন শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন লুমান নূর শাহীন লাবিব, জোবায়ের হোসেন আপন ও সাব্বির হোসেন আসিফ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন বিশ্ববিদ্যালয় ছাত্রদলের প্রচার সম্পাদক জাহিদ হাসান জয় এবং গীতা পাঠ করেন বিশ্ববিদ্যালয়ের সদস্য সৌরভ রায়। পরে অতিথি, শিক্ষক ও নবীন শিক্ষার্থীদের ফুল ও উপহার দিয়ে বরণ করে নেয়া হয়।

এ সময় চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, নবীন ও প্রবীণ শিক্ষার্থী এবং ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ব্যক্তিপূজা নয়, সংগঠনের

ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

নাছির উদ্দিন সরকার শাওন বলেন, ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড় এই কথাটি বুকে ধারণ করেই আমরা রাজনীতি করি। তাই আমি আশা করব, মতলব উত্তর উপজেলায় আপনারা সংগঠনের চর্চা করুন, কোনো ব্যক্তির নয়। ব্যক্তির পূজারি না হয়ে দলের আদর্শ ধারণ করতে হবে। সংগঠন শক্তিশালী হলে দলও শক্তিশালী হবে। ব্যক্তি আজ আছে, কাল নাও থাকতে পারে। নেতাকর্মীদের উদ্দেশে তিনি আরও বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ধারণ করে সবাইকে ঐক্যবদ্ধভাবে দলকে সুসংগঠিত করতে হবে। দলের নাম ব্যবহার করে কেউ অপপ্রচার চালালে কিংবা নিয়মবহির্ভূত কর্মকাণ্ডে জড়ালে তার দায়ভার দল নেবে না। উপস্থিত নেতাকর্মীদের উদ্দেশে হতাশা প্রকাশ করে শাওন বলেন, এখন আমাদের দল ক্ষমতায়। কিন্তু আজকের এই যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকীতে এসে আমরা হতাশ। মতলব উত্তরকে বিএনপির ঘাঁটি হিসেবে জানি, নিজেও দেখেছি। অথচ দল ক্ষমতায় থাকা অবস্থায় যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে আপনাদের এই উপস্থিতি দেখে হতাশ হয়েছি। দীর্ঘ ১৭ বছর আন্দোলন-সংগ্রামে রাজপথে থাকা নেতাকর্মীদের যথাযথ মূল্যায়নের দাবি জানিয়ে তিনি বলেন, এলাকার সংসদ সদস্য ও দলের নীতিনির্ধারকদের উচিত ত্যাগী নেতাকর্মীদের মূল্যায়ন করা। অতীতে যারা রাজপথে সক্রিয় ছিলেন, আগামী দিনে তাদের গুরুত্ব দিতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে চাঁদপুর জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক বলেন, দীর্ঘ ১৭ বছরের আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে ফ্যাসিস্ট সরকারকে বিতাড়িত করে বিএনপি সরকার গঠন করেছে। তবে বর্তমান সরকারের বিরুদ্ধে নানা ষড়যন্ত্র চলছে। এসব ষড়যন্ত্র মোকাবিলায় যুবদলের নেতাকর্মীদের সজাগ থাকতে হবে। তিনি আরও বলেন, অভ্যন্তরীণ দ্বিধাদ্বন্দ্ব ভুলে দেশের উন্নয়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। নেতাকর্মীদের অতীত কর্মকাণ্ড বিবেচনায় নিয়ে জেলা যুবদল তাদের মূল্যায়নের চেষ্টা করবে। এ সময় তিনিও প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচিতে নেতাকর্মীদের উপস্থিতি কম দেখে হতাশা প্রকাশ করেন।

মতলব উত্তর উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক রাশেদুজ্জামান টিপুর সভাপতিত্বে এবং সিনিয়র যুগ্ম আহ্বায়ক ফয়সল আহমেদ সরকার সোহেলের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ছেংগারচর পৌর যুবদলের আহ্বায়ক উজ্জ্বল ফরাজী। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সহসভাপতি আব্দুল গণিত দফাদার, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান সাগর, মামুন সরকার ও মুরাদ বেপারী, ছেংগারচর পৌর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আবু সাঈদ ব্যাপারী, সদস্যসচিব আলম সরকারসহ বিএনপি, যুবদল ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

এর আগে ছেংগারচর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি বাজারের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে মতলব উত্তর থানার সামনে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

চাঁদপুরে জেলেদের চাল চুরি

বিষয়টি নিশ্চিত করেন চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির ফখরুদ্দিন আহমেদ। আদালত সূত্রে জানা গেছে, গত ১৩ অক্টোবর স্থানীয় গণমাধ্যমে সরকারি চাল চুরি নিয়ে একাধিক প্রতিবেদন প্রকাশিত হয়। সংবাদগুলো আদালতের দৃষ্টিগোচর হলে চাঁদপুরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মুজাহিদুর রহমান ফৌজদারি কার্যবিধির সংশ্লিষ্ট ধারায় স্বপ্রণোদিত হয়ে একটি বিবিধ মামলা রুজু করেন। আদালতের পর্যবেক্ষণে বলা হয়েছে, সিএসডি গোডাউনের মতো সুরক্ষিত স্থান থেকে সরকারি চাল চুরির ঘটনায় শুধু একজন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া যথেষ্ট নয়। এ ঘটনায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সবাইকে শনাক্ত করে আইনের আওতায় আনা প্রয়োজন।

চাঁদপুরে জামায়াতের আলোচনা

ভাইকে শহীদ করেছে। বর্তমান সরকার ও সেই স্বৈরাচারী আচরণ শুরু করেছে। বিরোধী দলকে বিভিন্ন হুমকি ধমকি দিয়ে দমনের চেষ্টা করছে।

২৮ অক্টোবর কত ভাইয়ের রক্ত জড়েছে এখনো জড়ছে যুগে যুগে এভাবেই রক্তের সিঁড়ি বেয়ে একদিন এই দেশে ইসলামী আইন প্রতিষ্ঠিত হবে। ইনশাআল্লাহ। চাঁদপুর শহর জামায়াতের আমীর এডভোকেট শাহজাহান খানের সভাপতিত্বে চাঁদপুর শহর জামায়াতের সেক্রেটারি বেলায়েত হোসেনের পরিচালনায় আরো বক্তব্য রাখেন শহর জামায়াতের সহকারী সেক্রেটারি সাইফুল ইসলাম সবুজ, প্রভাষক ওমর ফারুক। আরও উপস্থিত ছিলেন শহর জামায়াত নেতা বিশিষ্ট সমাজসেবক আব্দুস শুক্কুর মস্তান, প্রভাষক মো: হানিফ মোল্লা, তরপুরচন্ডি ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আলমগীর বন্দুকশী, শহর শ্রমিক কল্যাণের সভাপতি গোলাম মাওলা। অনুষ্ঠানে শহরের বিভিন্ন ওয়ার্ড ও ইউনিট সভাপতি সেক্রেটারিসহ সর্বস্তরের জনশক্তি দায়িত্বশীলগণ উপস্থিত ছিলেন।

সড়ক নিরাপদ রাখতে

হেলমেট ব্যবহার করবেন। চালক এবং আরোহী উভয়কেই হেলমেট পরিধান করে মোটর সাইকেল চালাতে হবে। গতির চেয়ে জীবনের মূল্য অনেক বেশি। গতি বাড়িয়ে মোটর সাইকেল চালানোর মানসিকতা পরিহার করতে হবে।

তিনি বলেন, সড়ক নিরাপদ রাখতে সচেতনতা ও নিয়মানুবর্তিতা মানা প্রয়োজন? ট্রাফিক আইন মানা একান্ত প্রয়োজন। প্রতিনিয়ত সড়কে যে দুর্ঘটনা ঘটছে, তা কেবল কয়েকটি জীবনের অবসান ঘটায় না, বরং একটি পুরো পরিবারকে ধ্বংসের মুখে ঠেলে দেয়। বয়স্ক যাত্রীদের সাথে তরুন যাত্রীরা ভালো আচরন করতে হবে। আমাদের মাঝে মানবিকতা ও মনুষ্যত্ববোধকে জাগ্রত করতে। মালিক, ড্রাইভার শ্রমিক সকলের সম্মিলিত প্রচেষ্টায় সড়ক নিরাপদ রাখতে হবে। সভায় বক্তব্য রাখেন, চাঁদপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা, চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো: খাইরুল কবির, বিআরটিএ চাঁদপুর সার্কেল এর সহকারি পরিচালক (ইঞ্জিনিয়ার) আবদুল্লাহ আল মামুন, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী ভূঁইয়া রেদওয়ানুর রহমান, চাঁদপুর চেম্বার অব কর্মাসের সহ-সভাপতি তমাল কুমার ঘোষ, চাঁদপুর ট্রাফিক ইন্সপেক্টর প্রবীর দাস, বাবুরহাট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোশারফ হোসেন, নিরাপদ সড়ক চাই চাঁদপুর শাখার সাধারণ সম্পাদক শেখ মহিউদ্দিন রাসেল, সহ-সভাপতি ডি এম ফয়সাল, চাঁদপুর জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি অধ্যাপক রুহুল আমিন। বিআরটিএর উচ্চমান সহকারি এমদাদুল হক শামীমের পরিচালনায় স্বাগত বক্তব্য রাখেন বিআরটিএ চাঁদপুর সার্কেল এর সহকারি পরিচালক (ইঞ্জিনিয়ার) আবদুল্লাহ আল মামুন। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্টজন?

দিবস উপলক্ষে সকাল ৯টা ৪৫মিনিটে চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে জেলা প্রশাসকের নেতৃত্বে রোডশো অনুষ্ঠিত হয়। শেষে অভিজ্ঞ ড্রাইভারদের মাঝে ক্রেস্ট ও সনদ প্রদান করেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানসহ অন্যান্যরা?

রহিমানগর বাজারের অবৈধ

এতে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত রায় এবং সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আবু নাছির। এসময় সিনিয়র সহকারী পুলিশ সুপার কচুয়ার সার্কেল আব্দুল হাই, কচুয়া থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ আজিজুল ইসলাম, তদন্ত কর্মকর্তা রাশেদুল হক, বাজার পরিচালনা কমিটির আহ্বায়ক মিলন গাজী, সদস্য সচিব ডাক্তার আব্দুল কাদের, সিনিয়র যুগ্ম আহবায়ক এমআর মিজানুর রহমান মোল্লাসহ বাজার পরিচালনা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ, ব্যবসায়ীবৃন্দ ও সুধীজনরা উপস্থিত ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, বাজারের যানজট কমাতে এর আগে মাইকিং করে সরকারি জায়গা, রাস্তা ও ফুটপাত থেকে অবৈধ স্থাপনা এবং মালামাল সরিয়ে নিতে ব্যবসায়ীদের সতর্ক করা হয়েছিল। নির্ধারিত সময়ের মধ্যে নির্দেশনা না মানায় অভিযানে অবৈধ স্থাপনা, দোকানের বর্ধিত অংশ ও রাস্তার ওপর রাখা বিভিন্ন মালামাল সরিয়ে দেওয়া হয়। কিছু স্থাপনা ভেঙেও ফেলা হয়। যারা নিজেরাই মালামাল সরিয়ে নিচ্ছিলেন, তাদের সে জন্য সময় দেওয়া হয়। উপজেলা নিবার্হী কর্মকর্তা অমিত রায় বলেন, বাজারের ফুটপাত দখলমুক্ত রেখে পথচারীদের চলাচল নির্বিঘ্ন করা এবং বাজার সৌন্দর্য ও শৃঙ্খলা রক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

চাঁদপুর প্রেস ক্লাবের মেডিকেল

পেশাগত সাংবাদিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৫ নভেম্বর ২০২৬ বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় চাঁদপুর প্রেস ক্লাবের আয়োজনে প্রেস ক্লাব ভবনের (নিচতলার কমিউনিটি সেন্টার) বিশাল আয়োজনের মধ্য দিয়ে দ্বিতীয়বারের মতো উদ্বোধন হতে যাচ্ছে ডায়াবেটিক চিকিৎসা, চক্ষু শিবির ও স্বাস্থ্যসেবা মেডিকেল ক্যাম্প-২০২৬।

চাঁদপুর প্রেস ক্লাবের আয়োজনে ডায়াবেটিক চিকিৎসা, চক্ষু শিবির ও স্বাস্থ্যসেবা মেডিকেল ক্যাম্প-২০২৬ উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

২৮ অক্টোবর চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী'র প্রেরিত এক বার্তায় এ তথ্য জানা যায়। উক্ত ক্যাম্পে নিম্নলিখিত প্রতিষ্ঠানের মেডিকেল টিমের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করা হবে–১. চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতাল: সাধারণ স্বাস্থ্যসেবা।২. চাঁদপুর ডায়াবেটিক হাসপাতাল: ডায়াবেটিস পরীক্ষা ও চিকিৎসাসেবা।৩. চাঁদপুর মাজহারুল হক বিএনএসবি চক্ষু হাসপাতাল: চক্ষু পরীক্ষা ও চোখের চিকিৎসা সেবা।সংশ্লিষ্ট হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিকেল টিম এসব সেবা প্রদান করবেন। উক্ত স্বাস্থ্যসেবা ক্যাম্পে অংশগ্রহণ করে চিকিৎসাসেবা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল সদস্য, সাংবাদিক ও তাঁদের পরিবারের সদস্যদের বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফ। এ ব্যাপারে যে কোন তথ্য জানতে প্রয়োজনে প্রেস ক্লাব সভাপতির সাথে মোবাইলে বা হোয়াটসঅ্যাপ(নং০১৭১১০১৩৪৪৪) যোগাযোগ করতেও অনুরোধ করা হলো।

উল্লেখ্য, চিকিৎসা নিতে আগ্রহীদের সদস্য/সাংবাদিক ও তার পরিবারের সদস্যদের নাম ও সংখ্যা অগ্রীম প্রেস ক্লাবের অফিস ইনচার্জ কাম ম্যানেজার মো: মাসুদ দেওয়ানের নিকট মৌখিক ভাবে তালিকাভুক্ত করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কচুয়ায় ইয়াবাসহ এক

লুঙ্গির সামনের ডান কোচর থেকে স্বচ্ছ জিপারযুক্ত পলিপ্যাকেটে রাখা মিথাইল অ্যামফিটামিনযুক্ত গোলাপি রঙের ১০৫ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁদপুরের পরিদর্শক ও মামলার বাদী মো. হুমায়ুন কবির ভূঁইয়া বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) ধারার সারণি ১০(ক)-তে কচুয়া থানায় একটি নিয়মিত মামলা দায়ের করেছেন। মাদকবিরোধী নিয়মিত অভিযানের অংশ হিসেবেই এই অভিযান পরিচালনা করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে নিশ্চিত করা হয়েছে।

৩৫তম জাতীয় সাঁতার

শুভ উদ্বোধন করেন ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল ইসলাম।

এবারের প্রতিযোগিতায় চাঁদপুর জেলার তিনটি স্বনামধন্য ক্লাব অংশ নিচ্ছে। ক্লাবগুলো হলো-চাঁদপুর সুইমিং ক্লাব, অরুণ নন্দী সুইমিং ক্লাব এবং তকবির স্মৃতি সুইমিং ক্লাব। উদ্বোধনী অনুষ্ঠানে চাঁদপুর থেকে অংশগ্রহণকারী ক্লাবগুলোর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন তকবির সুইমিং ক্লাবের মো. শাহজাহান সিদ্দিকী (সিনিয়র সহ-সভাপতি), মো. নেয়ামত হোসেন, (সহ-সভাপতি), মোহাম্মদ মাহবুব আলম চৌধুরী, বিকেএসপি সাঁতার বিভাগের প্রধান কোচ ও তকবির স্মৃতি সুইমিং ক্লাবের সম্পাদক মোশারফ হোসেন মামুন, ফেডারেশনের এডহক কমিটির সদস্য তপন চন্দ এবং চাঁদপুর সুইমিং ক্লাবের পক্ষে মোহাম্মদ সেলিম। এছাড়াও, প্রতিযোগিতা উদ্বোধনের প্রাক্কালে চাঁদপুর জেলার তিনটি সুইমিং ক্লাবের কর্মকর্তারা বাংলাদেশ সুইমিং ফেডারেশনের সাধারণ সম্পাদক সৈয়দ আমিনুল হক দেওয়ান সজলের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এ সময় তাঁরা প্রতিযোগিতায় দলের প্রস্তুতি ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

শাহরাস্তির চিতোষী

বাদশাহ ফয়সাল। অনুষ্ঠানে প্রধান অতিথি মাওলানা আবুল হোসাইন তাঁর বক্তব্যে ২৮শে অক্টোবর পল্টন ট্র্যাজেডির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তিনি দিবসটির তাৎপর্য তুলে ধরে সেদিনের ঘটনাবলি, শহীদদের আত্মত্যাগ এবং তাঁদের স্মরণে এ ধরনের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের গুরুত্ব নিয়ে বক্তব্য দেন। এ সময় তিনি শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁদের আত্মত্যাগ থেকে শিক্ষা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। আলোচনা সভায় বক্তারা ২৮শে অক্টোবর পল্টন ট্র্যাজেডিতে শহীদদের স্মরণ করেন এবং তাঁদের আত্মত্যাগের কথা তুলে ধরেন। পাশাপাশি শহীদদের স্মৃতি সংরক্ষণ, আদর্শ ও মূল্যবোধ ধারণ এবং সমাজে ন্যায় ও মানবিকতা প্রতিষ্ঠায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানে ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ও স্থানীয় জনগণ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে ২৮শে অক্টোবর পল্টন ট্র্যাজেডিতে শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। একই সঙ্গে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি এবং কল্যাণ কামনা করা হয়। শহীদদের স্মরণ, তাঁদের আত্মত্যাগের তাৎপর্য তুলে ধরা এবং আত্মার মাগফিরাত কামনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

আল আমিন একাডেমিতে

বিশেষ অতিথি ছিলেন সহকারী প্রধান শিক্ষক ফারুকুল ইসলাম ও সিনিয়র শিক্ষক নাছির উদ্দিন। বক্তারা বলেন, প্রকৃত শিক্ষা শিক্ষার্থীদের নৈতিকতা, মানবিকতা, শিষ্টাচার ও ধর্মীয় মূল্যবোধে সমৃদ্ধ করে। ইসলামী সংস্কৃতির চর্চা, সালাম বিনিময়, বড়দের সম্মান ও ছোটদের স্নেহ করার মাধ্যমে সমাজে সৌহার্দ্য ও সম্প্রীতি প্রতিষ্ঠা সম্ভব। পাশাপাশি শিক্ষার্থীদের সৃজনশীলতা ও সুপ্ত প্রতিভা বিকাশে সাংস্কৃতিক কর্মকাণ্ডের গুরুত্ব তুলে ধরেন তাঁরা।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক আবু আহমেদ। পবিত্র কোরআন তেলাওয়াত করেন শফিউল বাশার এবং ইসলামী সংগীত পরিবেশন করেন শিক্ষার্থী আব্দুর রহমান সানি। অনুষ্ঠানে প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। পরে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়।

মতলব উত্তরের আনাসের

ব্যাগ দেয়া হয়। একই সঙ্গে শিক্ষার্থীদের বাবা-মাকেও বিশেষ সম্মাননা দেয়া হয়। সন্তানদের হাফেজ হিসেবে গড়ে তোলার পেছনে অভিভাবকদের ত্যাগ, সাধনা ও অবদানের স্বীকৃতি হিসেবে এ উদ্যোগ নেয়া হয়। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ইসলামী চিন্তাবিদ, কোরআন গবেষক, আলেম-উলামা, শিক্ষক, অভিভাবক ও হাফেজ শিক্ষার্থীদের উপস্থিতিতে অনুষ্ঠানটি উৎসবমুখর হয়ে ওঠে। তাসমিমুল ইসলাম আনাস মতলব উত্তর উপজেলার ৩নং সাদুল্লাপুর ইউনিয়নের গোপালকান্দি গ্রামের বাসিন্দা। সে তানযীমুল উম্মাহ হিফয মাদ্রাসার নারায়ণগঞ্জ শাখার শিক্ষার্থী। আনাস সাদুল্ল্যাপুর ইউনিয়নের তিনবারের নির্বাচিত ইউপি সদস্য মনির হোসেনের নাতী ও মোহাম্মদ কামাল হোসেনের দ্বিতীয় সন্তান। ছেলের এ অর্জনে আনন্দ প্রকাশ করে তিনি আরও আশা করেন, আনাস যেন কোরআনের শিক্ষা ও আদর্শ নিজের জীবনে ধারণ করে একজন সৎ, নৈতিক ও মানবিক মানুষ হিসেবে গড়ে ওঠে। তাসমিমুল ইসলাম আনাস জানান, আমি বড় হয়ে একজন আলেম ও মাওলানা হতে চাই। পবিত্র কোরআন ও সুন্নাহর আলোকে নিজের জীবন গড়তে চাই এবং ইসলামের সঠিক শিক্ষা মানুষের মাঝে ছড়িয়ে দিতে চাই। আমি যেন কোরআনের প্রকৃত খাদেম হতে পারি, দ্বীনের খেদমত করতে পারি এবং মানুষের কল্যাণে নিজেকে নিয়োজিত রাখতে পারি সেজন্য সবার কাছে দোয়া চাই।

ফরিদগঞ্জে ১৩ দিনের

ঘটনার বিষয়ে প্রবাসী স্বামী মোহাম্মদ হোসেনের পরিবারের পক্ষ থেকে দাবি করা হয়েছে, সুইটির কোলজুড়ে ছোট সন্তান থাকায় তিনি বাবার বাড়িতে ছিলেন। তবে ঠিক কী কারণে তিনি এই চরম পদক্ষেপ নিলেন, সে বিষয়ে তাঁর বাবার বাড়ির লোকজনই ভালো বলতে পারবেন। অন্যদিকে, ঘটনার পর থেকে নিহতের ভাই বিল্লাল হোসেনসহ পরিবারের অন্যান্য সদস্যরা শোকেহত থাকায় গণমাধ্যমের সাথে কোনো কথা বলতে রাজি হননি। এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মো. এরশাদ উল্লা বলেন, খবর পেয়ে পুলিশ তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে গিয়ে নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠিয়েছে। প্রাথমিক তদন্তে এটি আত্মহত্যা বলেই প্রতীয়মান হচ্ছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা রুজু করা হয়েছে এবং ময়নাতদন্তের প্রতিবেদন হাতে পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। পাশাপাশি বিষয়টি নিয়ে আইনগত অন্যান্য প্রক্রিয়া চলমান রয়েছে।

'আমরা জীবন দিতে জানি

"আসুন, আমরা কাঁধে কাঁধ মিলিয়ে এ দেশটাকে গড়ি। এ দেশ আপনার, আমার–সবার। দেশ যেন আর জুলুমের শিকার না হয়, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। যেভাবে বিভিন্ন শক্তির ইন্ধনে গত ১৭ বছর দেশ পরিচালিত হয়েছে, আপনারা এখনো সেদিকেই পা বাড়াচ্ছেন। সতর্ক হোন। আমরা জীবন দিতে জানি, পরাজয় বরণ করতে জানি না। আমরা যে কথা দিয়েছি, কথা ও কাজে তার অমিল রাখব না।" বক্তারা ২০০৬ সালের ২৮ অক্টোবর ঢাকার পল্টনে সংঘটিত হত্যাকাণ্ডের বিচার দাবি করেন। তাঁদের অভিযোগ, ওই দিন বায়তুল মোকাররমের উত্তর গেটে লগি-বৈঠা দিয়ে হামলা চালিয়ে জামায়াত-শিবিরের নেতাকর্মীদের হত্যা করা হয়েছিল। তাঁরা এ ঘটনায় জড়িতদের দ্রুত বিচারের আওতায় আনার দাবি জানান। সমাবেশে আরও বক্তব্য দেন মতলব উত্তর উপজেলা জামায়াতে ইসলামীর ভারপ্রাপ্ত আমির মেহেদী হাসান নাজীর এবং ছেংগারচর পৌর জামায়াতের আমির এইচ এম রবিউল আলম। এ সময় উপস্থিত ছিলেন ছেংগারচর পৌর জামায়াতের সেক্রেটারি শাহজালাল, অর্থ সম্পাদক বাবুল, উপজেলা যুব বিভাগের সেক্রেটারি মাসুদ সরকার, উপজেলা ইসলামী ছাত্রশিবিরের সভাপতি মাহবুব সরকার, কলাকান্দা ইউনিয়ন জামায়াতের আমির জাহাঙ্গীর আলমসহ উপজেলা ও পৌর জামায়াতে ইসলামী এবং ছাত্রশিবিরের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা। সমাবেশে বক্তারা তেল, গ্যাস, বিদ্যুৎ এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের ঊর্ধ্বগতির তীব্র প্রতিবাদ জানান। তাঁরা বলেন, গত ১৭ বছর যেভাবে জনগণের পাশে থেকে কাজ করা হয়েছে, ভবিষ্যতেও দেশ গঠনে সবাইকে কাঁধে কাঁধ মিলিয়ে ঐক্যবদ্ধ ভূমিকা পালন করতে হবে।

হাজীগঞ্জে ডোপ টেস্ট

পর থেকে গতকাল পর্যন্ত মাদক ও কিশোর গ্যাং প্রতিরোধে হাজীগঞ্জের বিভিন্ন অঞ্চল থেকে ২৫০ জন কিশোরকে আটক করে থানায় নিয়ে আসি। পরে মুচলেকা নিয়ে পরিবারের জিম্মায় তাদের ছেড়ে দেওয়া হয়েছে।" তিনি আরও বলেন, "পারিবারিক সচেতনতার মাধ্যমে মাদক ও কিশোর গ্যাং প্রতিরোধ করা সম্ভব। এ ক্ষেত্রে রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিবর্গ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং সচেতন মহলের সহযোগিতা প্রয়োজন।"

উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা মো. আনোয়ার হোসেন পাটওয়ারী, সদস্যসচিব মো. মফিজুল ইসলাম ও বীর মুক্তিযোদ্ধা সুলতান আহাম্মেদ তাঁদের বক্তব্যে বলেন, অনেক মাদকসেবীকে আটক করে থানায় নিয়ে আসার পর তাঁরা মাদক সেবনের বিষয়টি অস্বীকার করেন। এ পরিস্থিতিতে হাজীগঞ্জে ডোপ টেস্ট চালুর প্রস্তাব করেন তাঁরা।

উপজেলা বিএনপির আহ্বায়ক মো. মনিরুজ্জামান ও সদস্যসচিব মো. এম এ রহিম পাটওয়ারী তাঁদের বক্তব্যে বলেন, আগামী ডিসেম্বর মাসে নিষিদ্ধ আওয়ামী লীগের নেত্রী শেখ হাসিনা দেশে ফিরবেন–এমন প্রচারণাকে কেন্দ্র করে হাজীগঞ্জের বিভিন্ন ইউনিয়নে নিষিদ্ধ সংগঠনের সদস্যরা নাশকতার পরিকল্পনা করছেন বলে তাঁদের আশঙ্কা। ফেসবুক পোস্টসহ বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে তাঁরা সংগঠিত হওয়ার চেষ্টা করছেন বলেও উল্লেখ করেন তাঁরা। এ বিষয়ে কঠোর নজরদারি বাড়ানোর জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান তাঁরা। এ ছাড়া সভায় বিভিন্ন বিষয়ে বক্তব্য দেন হাজীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি মো. কামরুজ্জামান টুটুল, সাধারণ সম্পাদক মেহেদী হাসান পাপ্পু মাহমুদ, চেয়ারম্যান গোলাম মোস্তফা স্বপন ও মো. মজিবুর রহমানসহ অন্যরা। সমাপনী বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন বলেন, "আইনশৃঙ্খলা রক্ষায় আমিসহ প্রশাসনের সব বিভাগ তৎপর রয়েছে।" মাদকসেবীদের ডোপ টেস্টের বিষয়ে তিনি বলেন, বর্তমানে চাঁদপুর সদর হাসপাতালে ডোপ টেস্টের ব্যবস্থা চালু রয়েছে। হাজীগঞ্জে ডোপ টেস্ট চালুর বিষয়ে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হবে।

সভায় প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সাংবাদিক, শিক্ষক প্রতিনিধি এবং বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন।

সরকারের সমালোচনা করলেই

কিন্তু স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে কোনো উদ্যোগ চোখে পড়ছে না। অথচ সাথী আক্তার ও আশরাফ উদ্দিন স্বজলেরা যখন আক্ষেপ প্রকাশ করে বলেন, চব্বিশে আন্দোলন করে ভুল করেছিলাম, তখন তাদের গ্রেপ্তার করা হচ্ছে। অবিলম্বে তাদের মুক্তি দিতে হবে এবং মামলা প্রত্যাহার করতে হবে। অন্যথায় কঠোর আন্দোলন গড়ে তোলার হুঁশিয়ারি উচ্চারণ করেন এনসিপির সদস্যসচিব।

আখতার হোসেন আরও বলেন, একদিকে সরকারের মন্ত্রী অস্ত্র হাতে মাদকবিরোধী অভিযানে নামছেন; অন্যদিকে তাদের এমপির ছেলে ছাত্রদলের নেতাকে পিটিয়ে হত্যা ও লুটপাট করছেন। এটি খুবই আশ্চর্যজনক ঘটনা।

মানববন্ধনে আরও বক্তব্য দেন জাতীয় নারীশক্তির আহ্বায়ক ডা. মাহমুদা আলম মিতু এমপি, সদস্যসচিব নুসরাত তাবাসসুম এমপি ও সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মনজিলা ঝুমা।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড় ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com



এফিডেভিট

আমি মো: আল নাছিম। আমার জাতীয় পরিচয়পত্র নং- ১০৪৯৪৩০৭৫২। আমার জেডিসি, দাখিল ও আলিম সনদে পিতার নাম "শরিফ হোসেন (SARIF HOSSEN)" এবং মাতার নাম "নাছিমা বেগম (NASIMA BEGUM)" সরল ভ্রম বশতঃ ভুল লিপিবদ্ধ হয়।

আমার জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতার সঠিক নাম "মো. শরিফ হোসাইন (MD SHARIF HOSSAIN)" এবং মাতার সঠিক নাম "নাছিমা নাসরিন (NASIMA NASRIN)" জেডিসি, দাখিল ও আলিম সনদে সঠিকভাবে লিপিবদ্ধ হইবে।

আমার ভবিষ্যতের যাবতীয় কার্যক্রমে আমার অত্র হলফ নামা অনুযায়ী সঠিক ও শুদ্ধ তথ্যাগুলো ব্যবহৃত হইবে। -মো: আল নাছিম

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাষ্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

নির্বাচন কমিশন

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

ISO 9000:2015 Certified

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সম্মানিত গ্রাহক সদস্যগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে,অত্র পবিসের পরিচালনা বোর্ড কর্তৃক আগামী ৩০/০১/২০২৭ খ্রিঃ তারিখ রোজ শনিবার ৯ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের প্রেক্ষিতে নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী এলাকা পরিচালক নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ করা হইবেঃ

এলাকা নং	আওতাভুক্ত ইউনিয়ন	উপজেলা	পরিচালকের মেয়াদ কাল	ভোট কেন্দ্র	ভোট গ্রহণের তারিখ ও বার	ভোট গ্রহণের সময়
০৩	ফরিদগঞ্জ পৌরসভা, চরদুখিয়া (পূর্ব), চরদুখিয়া (পশ্চিম), গোবিন্দপুর (উত্তর), গোবিন্দপুর (দক্ষিণ), রুপসা (উত্তর), রুপসা (দক্ষিণ) ও ফরিদগঞ্জ (দক্ষিণ)	ফরিদগঞ্জ	০৩ (তিন) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী ৩য় বার্ষিক সাধারণ সভা যাহা আগে ঘটে।	ফরিদগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর	১২-০১-২০২৭ মঙ্গলবার	সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত
০৫	মতলব দক্ষিণ পৌরসভা, উপাদী (উত্তর), উপাদী (দক্ষিণ), নায়েরগাঁও (উত্তর), নায়েরগাঁও (দক্ষিণ), খাদেরগাঁও ও নারায়নপুর।	মতলব দক্ষিণ	০৩ (তিন) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী ৩য় বার্ষিক সাধারণ সভা যাহা আগে ঘটিবে।	মতলব সরকারী কলেজ,মতলব দক্ষিণ,চাঁদপুর।	১৩-০১-২০২৭ বুধবার	সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত

সংশ্লিষ্ট এলাকার সম্মানিত গ্রাহক সদস্যগণকে গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতঃ নির্বাচনে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে। বিস্তারিত অবগতির জন্য এলাকা পরিচালক নির্বাচন বিজ্ঞপ্তি এবং বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি বিদ্যুৎ বিলের সহিত প্রেরণ করা হইতেছে। ইহা ছাড়াও চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরসহ নির্বাচন সংশ্লিষ্ট এলাকার জোনাল অফিস, এরিয়া অফিস, অভিযোগ কেন্দ্র এবং প্রযোজ্য ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ের নোটিশ বোর্ডে নির্বাচন বিজ্ঞপ্তি এবং বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি সম্মানিত গ্রাহক সদস্যগণের অবগতির জন্য দেওয়া হইতেছে।

মোঃ শাহরিয়ার আহমেদ
রিটার্নিং অফিসার ও কমিশন প্রধান
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
এবং
উপ-পরিচালক (কারিগরী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এনার্জি অডিট এন্ড ট্যারিফ)
বাপবিবো, ঢাকা।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল

ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান ড. মো. সবুর খান।
এ সমঝোতার আওতায় ডিআইইউর ব্যাচেলর অব এন্ট্রাপ্রেনিউরশিপ, ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, ব্যাচেলর অব আর্টস (বিএ) ইন ইংলিশ এবং ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স ইন জার্নালিজম, মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন (জেএমসি) প্রোগ্রামের শিক্ষার্থীরা নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে অস্ট্রেলিয়ায় উ"চশিক্ষা চালিয়ে যাওয়ার সুযোগ পাবেন। ২+২ শিক্ষাপথে শিক্ষার্থীরা ডিআইইউতে দুই বছর অধ্যয়নের পর অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব উলংগংয়ে তে পরবর্তী দুই বছর পড়াশোনা করবেন। অন্যদিকে, ৩+১ শিক্ষাপথে ডিআইইউতে তিন বছর অধ্যয়নের পর অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব উলংগংয়ে তে এক বছর অধ্যয়নের সুযোগ থাকবে। উভয় শিক্ষাপথই সংশ্লিষ্ট প্রোগ্রামের অনুমোদন, ক্রেডিট স'ানান্তর ব্যবস'া এবং বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও একাডেমিক শর্ত পূরণের ওপর নির্ভরশীল।
বৈঠকে ডিআইইউর প্রতিনিধিদলের নেতৃত্ব দেন ড. মো. সবুর খান। তাঁর সঙ্গে ছিলেন অস্ট্রেলিয়া জোনে ডিআইইউর প্রতিনিধি আবদুল খান রতন। ইউওডব্লিউর পক্ষে উপস'িত ছিলেন গ্লোবাল এনগেজমেন্টের অন্তর্বর্তীকালীন প্রো ভাইস-চ্যান্সেলর অধ্যাপক জিয়াংতাও শি, ফ্যাকাল্টি অব আর্টস, সোসাইটি অ্যান্ড বিজনেসের ডেপুটি ডিন (গ্রোথ অ্যান্ড গ্লোবাল) অধ্যাপক ভেঙ্কাটা ইয়ানামান্দ্রাম, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইনফরমেশন সায়েন্সেসের ডেপুটি ডিন (গ্রোথ অ্যান্ড গে-াবাল) অধ্যাপক ফিলিপ ওগুনবোনা এবং গ্লোবাল পার্টনারশিপস বিভাগের প্রতিনিধিরা।প্রেস বিজ্ঞপ্তি

হাইমচরে পল্টন ট্র্যাজেডি

ইউনিয়ন শাখার আমির মোহাম্মদ হাফিজসহ বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতারা।
আলোচনা সভায় বক্তারা ২০০৬ সালের ২৮ অক্টোবর পল্টনে সংঘটিত সহিংসতার স্মৃতিচারণ করেন। তাঁরা বলেন, ওই ঘটনায় জামায়াতে ইসলামীর ছয়জন নেতাকর্মী নিহত হন। দিনটি দলটির ইতিহাসে একটি শোকাবহ অধ্যায়। তাঁদের আত্মত্যাগ স্মরণ করে ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং অন্যায়-নির্যাতনের বিরুদ্ধে সোচ্চার থাকার আহ্বান জানান বক্তারা।
তাঁরা আরও বলেন, অতীতের সহিংস ঘটনা থেকে শিক্ষা নিয়ে দেশে শান্তি, গণতান্ত্রিক অধিকার ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় সবাইকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে। ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে জনসচেতনতা ও পারস্পরিক ঐক্য জোরদারের ওপরও গুরুত্ব দেন তাঁরা।
আলোচনা সভা শেষে নিহতদের আত্মার মাগফিরাত এবং দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

ফরিদগঞ্জে জামায়াতের

রাখেন উপজেলা জামায়াতের আমীর মাওলানা ইউনূছ হেলাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা কফিল উদ্দিন, উপজেলা জামায়াতের সেক্রেটারি সাখাওয়াত হোসেন পাটোয়ারী এবং পৌরসভা জামায়াতের সেক্রেটারি ফখরুল ইসলাম।
প্রধান অতিথির বক্তব্যে মাওলানা ইউনূছ হেলাল বলেন, "২০০৬ সালের ২৮ অক্টোবর পল্টনে সংঘটিত সহিংসতা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের একটি বেদনাবিধুর অধ্যায়। সেদিনের নির্মম হত্যাকাণ্ডের স্মৃতি আজও মানুষকে ব্যথিত করে। আমরা চাই, ওই ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত অপরাধীদের চিহ্নিত করা হোক এবং ন্যায়বিচার নিশ্চিত করা হোক।"
??বিশেষ অতিথি ও অন্যান্য বক্তারা বলেন, ২৮ অক্টোবরের ঘটনা দেশের রাজনৈতিক অঙ্গনে গভীর ক্ষত সৃষ্টি করেছে। লগি-বৈঠার হামলায় যারা প্রাণ হারিয়েছেন, তাঁদের আত্মত্যাগ ও পরিবারের স্বজন হারানোর বেদনা কখনো ভোলার নয়। রাজনৈতিক মতপার্থক্য থাকা সত্ত্বেও কোনো মানুষকে হত্যা বা নির্যাতন করার অধিকার কারও নেই। দেশে আইনের শাসন, গণতান্ত্রিক পরিবেশ ও ন্যায়বিচার প্রতিষ্ঠার স্বার্থে এ ধরনের ঘটনার সুষ্ঠু বিচার হওয়া প্রয়োজন।
??বক্তারা আরও বলেন, অতীতের রাজনৈতিক সহিংসতার সঠিক ইতিহাস সংরক্ষণ, নিহতদের স্মরণ এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সবাইকে সচেতন ভূমিকা পালন করতে হবে। তাঁরা ২৮ অক্টোবরের হত্যাকাণ্ডের বিচার দাবি করেন এবং নিহতদের আত্মত্যাগ থেকে শিক্ষা নিয়ে ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় কাজ করার আহ্বান জানান।
??আলোচনা সভা শেষে ২৮ অক্টোবরের ঘটনায় নিহতদের আত্মার মাগফিরাত, তাঁদের পরিবার-পরিজনের ধৈর্য ধারণ এবং দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

ফরিদগঞ্জে সাংবাদিক লাঞ্ছিত


প্রতিবাদ সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।
ফরিদগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামালের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম ভূইয়ার সঞ্চালনায় অনুষ্ঠিত এ সভায় সাংবাদিকরা অনির্দিষ্টকালের জন্য বিএনপির নিউজ বর্জনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।
সভায় সকল সাংবাদিকের বক্তব্য শেষে সংগঠনের সভাপতি আবু হেনা মোস্তফা কামাল বলেন, আমাদের সাংবাদিক ভাইদের ওপর অব্যাহত হামলা, মারধর, লাঞ্ছিত করা ও হুমকি-ধমকির প্রতিবাদে বিএনপি ও তাদের সহযোগী সংগঠনের সকল প্রকার সভা সমাবেশের সংবাদ অনির্দিষ্টকালের জন্য বর্জনের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। এ সিদ্ধান্ত বুধবার (২৮ অক্টোবর ২০২৬) থেকে পরবর্তি নির্দেশনা না দেওয়া পর্যন্ত কার্যকর থাকবে।
কয়েকদিন আগে দৈনিক ইত্তেফাক পত্রিকার ফরিদগঞ্জ সংবাদদাতা সহকারী অধ্যাপক মো. মহিউদ্দিনকে ফরিদগঞ্জ বাজারে সকালবেলা প্রকাশ্যে মারধর ও লঞ্ছিত করা হয়। সেদিন জরুরী সভা আহ্বান করা হয়। সংবাদ শুনে সাবেক এমপি লায়ন হারুনুর রশিদ সরাসরি সভায় উপস্থিত হন। তার অনুরোধে সমঝোতার প্রস্তাব মেনে নেয়া হয়।
গতকাল মঙ্গলবার রাত আনুমানিক ৮ ঘটিকায় পুনরায় সাংবাদিক মো. মহিউদ্দিনকে খোঁজাখুঁজি করা হয়। সেখানে উপস্থিত সাংবাদিক শিমুল হাসানকে মারতে উদ্যত হয় ও তেড়ে আসে। উপস্থিত অন্যরা শিমুলকে নিরাপদ স্থানে নিয়ে যায়। তারা ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাংবাদিকদের উদ্দেশ্য করে হুমকি ধমকি দেয়।
এ ছাড়া, নিউজের তথ্য সংগ্রহকে কেন্দ্র করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দালাল চক্র, উপজেলা পরিষদ এলাকায় টেন্ডারকে কেন্দ্র করে সাংবাদিকদের সাথে অসদাচরণ, থানা এলাকায় সাংবাদিকদের হুমকি-ধমকি লাঞ্ছিতের ঘটনা ও কুপিয়ে খুন জখম করবে বলে হুমকি দেয়।
এদিকে, ফরিদগঞ্জে বিএনপির কমিটি নেই। কিন্তু, যাঁরা নেতৃত্বে আছেন তাদের উদ্যোগ নিয়ে সাংবাদিকদের প্রতি দলীয় লোকজনের হুমকি-ধমকি বন্ধে আলাদা বা সম্মিলিতভাবে কার্যকর উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উদ্ভুত পরিস্থিতির স্থায়ী সমাধান করতে পারলে প্রেসক্লাবের পক্ষ থেকে সিদ্ধান্ত পুনঃ বিবেচনার সুযোগ থাকবে বলে ফরিদগঞ্জ প্রেসক্লাব সভাপতি সিদ্ধান্ত জানিয়েছেন।
সভায় ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাবেক সভাপতি মামুনুর রশিদ পাঠান, নুরুন্নবী নোমান, সিনিয়র সহ-সভাপতি এমকে মানিক পাঠান, সাবেক সাধারণ সম্পাদক প্রবীর চক্রবর্তী, আবদুস ছোবহান লিটন, নুরুল ইসলাম ফরহাদ, বর্তমান কমিটির সহ-সভাপতি মো. মহিউদ্দিন, দেলোয়ার হোসেন বেলাল, সহ-সাধারণ সম্পাদক আমিন খাঁন স্বপন, সাংগঠনিক সম্পাদক গাজী মমিন, দপ্তর সম্পাদক মোশারফ হোসেন ফারুক, প্রচার-ক্রীড়া সম্পাদক মেহেদী হাসান, প্রকাশনা-পাঠাগার সম্পাদক আমান উল্যাহ খাঁন ফারাবী, আইসিটি সম্পাদক ফাহাদ খাঁন, সাংস্কৃতিক সম্পাদক জসিম উদ্দিন, কার্য-নির্বাহী সদস্য নারায়ন রবিদাস, এসএম ইকবাল, শিমুল হাসান, আনিসুর রহমান সুজন, সদস্য এমরান হোসেন লিটন, জাকির হোসেন সৈকত, মাসুম আলম তালুকদার,তাপস চক্রবর্তী, মামুন হোসাইন, আব্দুল কাদির, ফখরুল আলম পাঠান, কেএম নজরুল ইসলাম, শামীম হাসান, এফএ মানিক, সাখাওয়াত হোসেন মিন্টু, জসিম উদ্দিন বক্তব্য রাখেন।

ছেংগারচর বাজারের নিরাপত্তা

ব্যবস্থা করা এবং বাজারের গুরুত্বপূর্ণ স্থানগুলোতে নজরদারি বাড়ানোর বিষয়ে সবাইকে উদ্যোগী হতে হবে।
বাজারে যানজট নিরসন, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন এবং নির্ধারিত স্থানে ময়লা ফেলার বিষয়েও ব্যবসায়ীদের সচেতন হতে হবে। বিশেষ করে পৌর ভূমি অফিসের সামনে ময়লা ফেলবেন না। এটি একটি সরকারি অফিস, এখানে প্রতিদিন অনেক মানুষ সেবা নিতে আসেন। তাই অফিসের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা আমাদের সবার দায়িত্ব।
একটি সুন্দর, পরিচ্ছন্ন ও নিরাপদ বাজার গড়ে তুলতে শুধু প্রশাসনের উদ্যোগ যথেষ্ট নয়, ব্যবসায়ী সমিতি ও সংশ্লিষ্ট সবার আন্তরিক সহযোগিতা প্রয়োজন। পারস্পরিক সমন্বয় ও দায়িত্বশীলতার মাধ্যমে ছেংগারচর পৌর বাজারের বিদ্যমান সমস্যাগুলো সমাধানে সবাইকে এগিয়ে আসতে হবে।
মতবিনিময়ে ছেংগারচর পৌর বাজার বণিক সমিতির সভাপতি আব্দুল মান্নান লস্কর বলেন, ছেংগারচর একটি বড় বাজার। বর্তমানে বাজারের বিভিন্ন অংশ সিসিটিভি ক্যামেরার আওতায় রয়েছে। তবে পুরো বাজারের নিরাপত্তা নিশ্চিত করতে ১০ থেকে ১২ জন নাইটগার্ড প্রয়োজন। সমিতির নিজস্ব তহবিলে এতজন নিরাপত্তাকর্মীর বেতন দেওয়ার মতো পর্যাপ্ত অর্থ নেই। এ ছাড়া বাজারের নিরাপত্তায় ব্যবহৃত সোলার প্যানেলও নষ্ট রয়েছে বলে তিনি জানান। তিনি বাজারের নিরাপত্তাব্যবস্থা আরও কার্যকর করতে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।
ছেংগারচর পৌর বাজার বণিক সমিতির সভাপতি আব্দুল মান্নান লস্করের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য দেন মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া, সমিতির সাবেক সভাপতি শাহ আলম প্রধান, ব্যবসায়ী শরিফ দর্জি, সাইফুল দর্জি, রাসেল দর্জি, মঞ্জুর আলম, আবু তাহের সুমন, জিয়াউর রহমান প্রমুখ।এ সময় উপস্থিত ছিলেন বণিক সমিতির সাবেক সভাপতি মোবারক হোসেন মুফতী, গিয়াস উদ্দিন, বণিক সমিতির সহ সভাপতি মিন্টু মিয়া, সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন, সদস্য জুয়েল, আলা উদ্দিন, রহমত উল্লাহ প্রমুখ।







শাহরাস্তিতে ২৮ অক্টোবরের

সভাপতিত্বে এবং পৌর সেক্রেটারি মাওলানা আলমগীর হোসাইনের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি ও অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা নায়েবে আমীর বাদশা ফয়সাল ও উপজেলা সেক্রেটারি মাওলানা মাঈন উদ্দিনসহ স্থানীয় নেতৃবৃন্দ।
?সভায় প্রধান অতিথির বক্তব্যে মোস্তফা কামাল বলেন, "২০০৬ সালের এই দিনে নরপিশাচ আওয়ামী সন্ত্রাসীরা লগি-বৈঠার নৃশংসতা চালিয়ে জামায়াত-শিবিরের নেতাকর্মীদের ওপর যে তাণ্ডব চালানো হয়েছিল, তা দেশের রাজনৈতিক ইতিহাসে এক কালো অধ্যায়। দীর্ঘদিন পেরিয়ে গেলেও ঘাতকদের যথাযথ বিচার সম্পন্ন হয়নি।" তিনি এই ঘটনার সুষ্ঠু বিচার ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানান।
?আলোচনা সভা শেষে ২৮ অক্টোবরের তাণ্ডবে শাহাদাতবরণকারী নেতাকর্মীদের আত্মার মাগফিরাত কামনা এবং আহতদের সুস্থতা ও দেশ-জাতির কল্যাণ চেয়ে বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করা হয়। এতে জামায়াত ও সহযোগী সংগঠনের বিভিন্ন স্তরের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

সন্তানকে 'গুড টাচ-ব্যাড টাচ' শেখানোর সঠিক সময় কোনটি?

দিগন্ত ডেস্ক

শিশুকে শরীরের নিরাপত্তা সম্পর্কে কখন শেখানো শুরু করা উচিত, তা নিয়ে অনেক অভিভাবকের মনে প্রশ্ন থাকে। কেউ ভাবেন, খুব ছোট বয়সে এসব বিষয় বোঝানো ঠিক হবে কি না। আবার কেউ অস্বস্তি বা সংকোচের কারণে বিষয়টি নিয়ে কথা বলতে চান না। কিন্তু শিশুর নিরাপত্তা নিশ্চিত করতে নিজের শরীর সম্পর্কে সচেতনতা এবং অনাকাঙ্ক্ষিত স্পর্শ চেনার শিক্ষা ছোটবেলা থেকেই দেওয়া জরুরি। বিশেষজ্ঞদের সাধারণ পরামর্শ অনুযায়ী, দুই থেকে তিন বছর বয়স থেকেই শিশুকে সহজ ভাষায় শরীরের বিভিন্ন অংশ, ব্যক্তিগত সীমারেখা এবং নিরাপদ আচরণ সম্পর্কে শেখানো শুরু করা যায়। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে শিক্ষার ধরনও পরিবর্তন করতে হবে। শুধু একবার বুঝিয়ে দিলেই দায়িত্ব শেষ নয়; নিয়মিত কথাবার্তা ও অনুশীলনের মাধ্যমে শিশুকে বিষয়গুলো বুঝতে সাহায্য



করতে হবে।
২-৩ বছর: শরীরের বিভিন্ন অংশ চিনতে শেখান
এই বয়সে শিশুকে শরীরের বিভিন্ন অংশের সঠিক নাম শেখানো যেতে পারে। ব্যক্তিগত অঙ্গ বা গোপনাঙ্গ সম্পর্কেও বয়সোপযোগী ভাষায় ধারণা দিন। বোঝান, শরীরের কিছু অংশ ব্যক্তিগত এবং সেগুলোর যত্ন ও নিরাপত্তা গুরুত্বপূর্ণ। শিশুকে এটাও শেখান, তার শরীর নিয়ে অস্বস্তি হলে সে আপনাকে জানাতে পারে। তবে পরিচ্ছন্নতা, চিকিৎসা কিংবা যত্নের প্রয়োজনে বিশ্বস্ত অভিভাবক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সাহায্য করতে পারেন-এ বিষয়টিও সহজভাবে বোঝানো দরকার। শিশুর নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব যে বড়দের, সেটিও স্পষ্ট করুন।
৪-৫ বছর: নিরাপদ ও অনাকাঙ্ক্ষিত স্পর্শের পার্থক্য বোঝান
এই বয়সে শিশুকে বোঝানো যায়, কোন স্পর্শ তার কাছে স্বস্তিকর এবং কোন আচরণে অস্বস্তি বা ভয় লাগতে পারে। তবে শুধু অনুভূতির ওপর নির্ভর করে নিরাপদ ও অনিরাপদ স্পর্শের পার্থক্য শেখানো যথেষ্ট নয়। কখনো পরিচিত ব্যক্তির আচরণও অনুপযুক্ত হতে পারে, আবার চিকিৎসা বা পরিচর্যার প্রয়োজনে কোনো স্পর্শ প্রয়োজনীয় হতে পারে। শিশুকে বলুন, কেউ এমনভাবে স্পর্শ করলে যাতে সে অস্বস্তি বোধ করে, তাহলে সে 'না' বলতে পারে, সেখান থেকে সরে যেতে পারে এবং বিশ্বস্ত বড় কাউকে জানাতে পারে। কোনো পরিস্থিতিতে ভয় পেয়ে চুপ করে গেলেও তার কোনো দোষ নেই-এ কথাও তাকে বুঝিয়ে বলা জরুরি।
৬ বছর বা তার বেশি: আত্মরক্ষার কৌশল শেখান
শিশুর বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ব্যক্তিগত সীমারেখা, গোপনীয়তা ও নিরাপত্তা সম্পর্কে আরও বিস্তারিতভাবে বোঝানো যায়। কেউ অনুপযুক্ত স্পর্শ করতে চাইলে বা কোনো অস্বস্তিকর ঘটনা গোপন রাখতে বললে শিশুকে বিশ্বস্ত বড় কাউকে জানাতে উৎসাহিত করুন। তাকে বুঝিয়ে বলুন, কেউ উপহার দেওয়া, ভয় দেখানো কিংবা অন্য কোনোভাবে প্রভাবিত করার চেষ্টা করলেও অনুপযুক্ত আচরণ গোপন রাখার বাধ্যবাধকতা নেই। মা-বাবা, শিক্ষক বা অন্য কোনো বিশ্বস্ত ব্যক্তির কাছে সাহায্য চাওয়া যায়। একজনকে জানিয়ে সমাধান না হলে অন্য বিশ্বস্ত বড় কাউকে জানাতে হবে-এটিও শেখানো যেতে পারে।
শিশুর শরীর ও ব্যক্তিগত নিরাপত্তা সম্পর্কে সচেতনতা গড়ে তোলার ক্ষেত্রে অভিভাবকের ভূমিকা গুরুত্বপূর্ণ। শিশুরা যেন কোনো ভয় বা লজ্জা ছাড়াই প্রশ্ন করতে পারে, সে জন্য বাড়িতে খোলামেলা পরিবেশ তৈরি করা প্রয়োজন। গল্প, ছবি কিংবা দৈনন্দিন ঘটনার উদাহরণ দিয়ে বয়স অনুযায়ী বিষয়গুলো বোঝানো যেতে পারে। তবে ভয় দেখিয়ে বা অতিরিক্ত আতঙ্ক তৈরি করে শেখানো উচিত নয়। বরং শিশুকে বোঝাতে হবে, নিজের শরীর সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া এবং অনিরাপদ পরিস্থিতিতে সাহায্য চাওয়া তার অধিকার।

মাহফিল ও সাংস্কৃতিক

মোঃ দ্বীন ইসলাম প্রমুখ। মাহফিলে সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী। বিশেষ অতিথি চাঁদপুর সরকারি কলেজের ইসলামিক বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আল আমিন, জেলা সহকারী শিক্ষা অফিসার মোঃ সুমন খান।
মাহফিলে সকল ধর্মপ্রাণ মুসলমান ভাইদের উপস্থিত হওয়ার অনুরোধ জানিয়েছেন মাদ্রাসার পরিচালক মাওলানা মোঃ রহমান গাজী।


হাইমচরে যুবদলের ৪৮তম

উপজেলা যুবদলের আহ্বায়ক জহিরুল ইসলাম মাঝির সভাপতিত্বে এবং সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান আখনের পরিচালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক জিএম ফজলুর রহমান আকাশ, সোলাইমান মিয়া, জিয়া বিশ্বাস ও ইউসুফ আলী।
এ ছাড়া উপজেলার ছয়টি ইউনিয়নের যুবদলের সভাপতি ও সাধারণ সম্পাদকদের নেতৃত্বে নেতাকর্মীরা মিছিল নিয়ে অনুষ্ঠানে যোগ দেন। এ সময় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবক দল, ওলামা দলসহ বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।
বর্ণাঢ্য র‌্যালি ও আলোচনা সভায় যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে প্রতিষ্ঠাবার্ষিকীর আয়োজন প্রাণবন্ত হয়ে ওঠে।

অফিসে ক্লান্তি দূর করার কিছু সহজ উপায়

দিগন্ত ডেস্ক

সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত অফিসের কাজ সামলাতে গিয়ে অনেকেই এত ব্যস্ত থাকেন যে সময়মতো খাওয়াদাওয়া কিংবা বিশ্রাম নেওয়ার কথাও ভুলে যান। কাজের চাপের মধ্যে দীর্ঘ সময় হাঁটাহাঁটি করা সম্ভব না হলেও একটানা চেয়ারে বসে কম্পিউটারে কাজ করা শরীরের জন্য ক্ষতিকর হতে পারে। এতে পিঠ ও ঘাড়ে ব্যথা, ওজন বেড়ে যাওয়া, চোখের ক্লান্তি এবং হাতের কবজিতে অস্বস্তির মতো সমস্যা দেখা দিতে পারে। দীর্ঘ সময় কাজ করার ফলে শরীরে ক্লান্তি জমে এবং মনোযোগ কমে যায়। অফিস শেষে বাড়ি ফিরে পর্যাপ্ত বিশ্রাম নেওয়ার সুযোগ না থাকলে এই অবসাদ আরও বাড়তে পারে। তবে কাজের ফাঁকে কয়েকটি সহজ অভ্যাস গড়ে তুললে ক্লান্তি কমানো এবং কর্মক্ষমতা ধরে রাখা সহজ হয়। আসুন জেনে নেই অফিসে ক্লান্তি কাটানোর কয়েকটি উপায়-
মাঝেমধ্যে হাঁটাহাঁটি করুন: দীর্ঘক্ষণ একই জায়গায় বসে না থেকে কিছু সময় পরপর উঠে হাঁটুন। প্রয়োজনে পাশের সহকর্মীর সঙ্গে কথা বলতে বা তাঁর খোঁজখবর নিতে হেঁটে যেতে পারেন।
ছোটখাটো কাজ নিজেই করুন: প্রিন্ট করা কাগজ বা ফটোকপি সংগ্রহের মতো ছোট কাজগুলো সম্ভব হলে নিজেই করুন।




কাজের মধ্যে বিরতি নিন: একটানা কাজ না করে মাঝেমধ্যে ছোট বিরতি নিন। এ সময় পানি পান করতে পারেন, চা খেতে পারেন কিংবা সহকর্মীদের সঙ্গে কিছুক্ষণ কথা বলতে পারেন। এতে মন কিছুটা সতেজ হবে।
সঠিক ভঙ্গিতে বসুন: অফিসের চেয়ারে বসার সময় শিরদাঁড়া সোজা রাখুন এবং পিঠের যথাযথ সমর্থন নিশ্চিত করুন। দীর্ঘক্ষণ ভুল ভঙ্গিতে বসে থাকলে পিঠ ও ঘাড়ে ব্যথা হতে পারে।
চোখকে বিশ্রাম দিন: দীর্ঘ সময় কম্পিউটারের পর্দার দিকে তাকিয়ে থাকলে চোখে ক্লান্তি তৈরি হয়। তাই মাঝেমধ্যে পর্দা থেকে দৃষ্টি সরিয়ে দূরের কোনো বস্তুর দিকে তাকান এবং নিয়মিত চোখের পলক ফেলুন।
কম্পিউটার সঠিক দূরত্বে রাখুন: কম্পিউটারের পর্দা চোখ থেকে প্রায় এক হাত দূরে রাখার চেষ্টা করুন। পর্দার ওপরের অংশ চোখের সমতলে বা সামান্য নিচে থাকলে ঘাড়ের ওপর চাপ কম পড়ে।
এই অভ্যাসগুলোর পাশাপাশি সময়মতো খাবার খাওয়া, পর্যাপ্ত পানি পান এবং রাতে যথেষ্ট ঘুম নিশ্চিত করাও জরুরি। এতে কর্মব্যস্ত দিনের ক্লান্তি সামলানো সহজ হবে।

শিশুর রাগ নিয়ন্ত্রণে কার্যকরী ৫ কৌশল

দিগন্ত ডেস্ক

শিশুর রাগ একটি স্বাভাবিক আবেগ, যা তাদের বিকাশের একটি গুরুত্বপূর্ণ অংশ। কিন্তু অনেক সময় এই রাগ সামলানো কঠিন হয়ে পড়ে, যা বাবা-মা এবং শিশু উভয়ের জন্যই চাপের কারণ হয়। কীভাবে শিশুদের রাগের




কারণগুলো বোঝা যায় এবং তা সঠিকভাবে পরিচালনা করা যায়, তা জেনে নিন-
রাগকে গুরুত্ব না দেওয়া
শিশুরা রাগ করলে খেয়াল রাখুন ইচ্ছাকৃতভাবে সে চিৎকার-চেঁচামেচি করছে কি না। যদি সে স্বেচ্ছায় এসব করে তবে তাতে গুরুত্ব দেবেন না। তা এড়িয়ে যান। গুরুত্ব না পেলে দেখবেন নিজেই কান্নাকাটি বন্ধ করে দিয়েছে।
সব জায়গায় ঘুরতে না যাওয়া
শিশুরা সাধারণত বিভিন্ন আবদার করেই থাকে। সেটা চকোলেটের জন্য হোক কিংবা খেলনা। সন্তানের আবদার সম্পর্কে সবচেয়ে বেশি জানেন আপনি। তাই তাকে এমন কোনো জায়গায় নিয়ে যাবেন না, যা দেখে সে জেদ করতে পারে।
কান্না থামাতে জোর করবেন না
মনে করুন-বাইরে কিংবা পরিবারে অন্যান্যদের সাথে সে জেদ করছে। চাওয়া-পাওয়া না মেটালে চিৎকার-চেঁচামেচি করছে। তখন তাকে কান্না থামাতে জোর করবেন না। মনে রাখবেন আপনি যত তাকে থামতে বলবেন, সে ততই কান্নাকাটি করবে। তার চেয়ে তাকে একা থাকতে দিন। কিছুক্ষণ পর দেখবেন সে নিজে থেকে শান্ত হয়ে যাবে।
কয়েকটি লক্ষ্য স্থির করে দিন
মনে রাখবেন, প্রতিদিন কোনো কিছু চাওয়া মাত্রই পেয়ে গেলে শিশুরা যেকোনো জিনিস চেয়ে বসে। তা না পেলে মুহূর্তেই জেদ তৈরি হয়। তাই ভুল করেও তাদের আবদার সাথে সাথেই পূরণ করবেন না। কোনো কিছু পাওয়ার জন্য শিশুকে কয়েকটি লক্ষ্য স্থির করে দিন। আপনার শর্তপূরণ হয়ে গেলে, তবেই তাকে সে জিনিসটি দিন।
অন্যদের সাথে মিশতে দিন
শিশুর রাগ কমাতে তাকে নানা কাজে ব্যস্ত রাখুন। তা হতে পারে-ছবি আঁকা, খেলাধুলা। বর্তমানে শিশুরা অন্যান্য বাচ্চাদের সঙ্গে মেশার সময়, সুযোগ পায় না। তাদের সে সুযোগ করে দিন। এতে তাদের মানসিক স্বাস্থ্য বৃদ্ধির পাশাপাশি রাগও কমে যাবে।

খুব সহজেই দূর করুণ পেটে গ্যাস

দিগন্ত ডেস্ক

সকালে ঘুম থেকে উঠে পেটে গ্যাসের উপস্থিতির অনুভূতির সঙ্গে কম-বেশি আমরা সবাই পরিচিত। এটি কেবল শারীরিক অস্বস্তি নয়, বরং মেজাজ খিটখিটে করে দেয়, আত্মবিশ্বাসের ক্ষতি করে এবং কাজে মনোযোগ দেওয়াও কঠিন হয়ে পড়ে। সকালে এই গ্যাসের সমস্যার কারণে খাবার খাওয়ার ক্ষেত্রেও দেখা দেয় সমস্যা। খেলেও তা হজম হতে চায় না। কিছু অভ্যাসে পরিবর্তন এনে এই সমস্যা দূর করা সম্ভব। চলুন জেনে নেওয়া যাক-



১. ভেষজ চা পান করুন
এক কাপ ভেষজ চা সকালে পেট ফুলে যাওয়ার সমস্যা দূর করতে সাহায্য করে। পুদিনা, আদা, মৌরি, ক্যামোমাইল, ধনিয়াপাতা, হলুদ এবং মৌরির মতো চায়ের প্রাকৃতিক কার্মিনেটিভ বৈশিষ্ট্য রয়েছে। যার অর্থ হলো এগুলো পরিপাকতন্ত্রের পেশী শিথিল করতে এবং গ্যাসের প্রবাহকে সহজ করতে সাহায্য করে। উদাহরণস্বরূপ, পুদিনাপাতা অন্ত্রের খিঁচুনি কমাতে পরিচিত, অন্যদিকে মৌরির বীজ আটকে থাকা বাতাসকে ভেঙে ফেলতে সাহায্য করে।
২. কিছুক্ষণ হাঁটাহাঁটি করুন
শরীরের নড়াচড়া অন্ত্রের গতিশীলতা বাড়ায়। মূলত এটি পরিপাকতন্ত্রকে সচল রাখতে সাহায্য করে। এমনকি ১০ মিনিটের হালকা হাঁটাও পেটের গ্যাস সাহায্য করতে পারে। আপনার ডায়াফ্রামকে উদ্দীপিত করতে গভীর, স্থির শ্বাস-প্রশ্বাসের সঙ্গে কিছুক্ষণ হাঁটাহাঁটি করুন এবং আপনার পরিপাক অঙ্গগুলিকে ভেতর থেকে আলতো করে ম্যাসাজ করুন।
৩. হাইড্রেট থাকুন
পানি পেটের আস্তরণকে প্রশমিত করে। বিশেষ করে হালকা গরম পানি এক্ষেত্রে বেশি কার্যকরী। অন্যদিকে লেবু পানি বা হালকা ভেষজ ইনফিউশন অতিরিক্ত সোডিয়াম বের করে এবং মল চলাচলে সহায়তা করে মৃদু ডিটক্স প্রভাব যোগ করতে পারে। তাই শরীরে পানির ঘাটতি যেন না হয়, সেদিকে খেয়াল রাখুন।
৪. ধীরে ধীরে খান
সকালের খাবার অনেক গুরুত্বপূর্ণ। কারণ এটি সারাদিনের জন্য আপনাকে শক্তি জোগাতে সাহায্য করে। কিন্তু তাড়াহুড়ো করে খাবার খেলে পাচনতন্ত্রে অপ্রয়োজনীয় বাতাস প্রবেশ করতে পারে। খাবার ভালোভাবে চিবিয়ে খাওয়ার অভ্যাস করুন। এর অর্থ হলো, আপনার পাচনতন্ত্র কম পরিশ্রম করে গ্যাস গঠন হ্রাস করে। সকালের নাস্তায় অতিরিক্ত খেলেও গ্যাসের সমস্যা বাড়তে পারে। তাই পরিমিত খাওয়ার অভ্যাস করুন।

সংসার ভাঙনের নেপথ্যে যেসব কারণ বিরাজ করে

দিগন্ত ডেস্ক

বৈবাহিক সম্পর্কের ক্ষেত্রে অনেক সময় কিছু নীরব হুমকিকে আমরা উপেক্ষা করি। হয়তো কখনো না জেনে, কখনো আবার জেনেও। ছোট ছোট সেসব বিষয় উপেক্ষা করার রয়েছে দীর্ঘস্থায়ী প্রভাব। এর ফলে স্বামী-স্ত্রীর বন্ধন ঢিলে হতে শুরু করে। এমনকী একটা সময় তা ছুটেও যেতে পারে। সেখান থেকে ঘটতে পারে বিবাহ বিচ্ছেদের মতো ঘটনাও। চলুন জেনে নেওয়া যাক কোন কারণে বৈবাহিক সম্পর্কও ভেঙে যেতে পারে-
বিরক্তি প্রকাশ না করে ধরে রাখা
অব্যক্ত অনুভূতিগুলো চাপা দিয়ে রাখলে তা বিরক্তির সৃষ্টি করে। এটি স্বামী-স্ত্রীর মধ্যে একটি অদৃশ্য প্রাচীর তৈরি করে। ফলে ধীরে ধীরে হতাশা জমা হতে থাকে। একে অপরের প্রতি নিষ্ক্রিয়-আক্রমণাত্মক আচরণ, একে অপরের কাছ থেকে সরে আসা এবং এমনকী ছোটখাটো ক্ষোভও বড় বিপর্যয়ের জন্ম দিতে পারে। যদি আপনি চান আপনার সম্পর্ক টিকে থাকুক, তাহলে সঙ্গীর সঙ্গে সরাসরি কথা বলুন।
ত্রুটি খুঁজে বের করা, এমনকী তুচ্ছ বিষয়েও
সব কিছুতে সঙ্গীর ত্রুটি খুঁজে বের করা কোনো সুস্থ সম্পর্কের লক্ষণ হতে পারে না। সঙ্গীর সমালোচনা করার বা দোষ খুঁজে বের করার একটি উপায়ও বাদ দেন না? তাহলে ধরে নিন আপনার সংসারও ভাঙনের পথে। কারণ এভাবে একটি সংসার এগিয়ে যেতে পারে না। তাই সঙ্গীর কোনো ভুল হলে তাকে সুন্দর করে বুঝিয়ে বলুন যে কোনটি তার জন্য ঠিক। তার দোষ খুঁজে বের করার অজুহাত খুঁজবেন না।
সোশ্যাল মিডিয়াকে অগ্রাধিকার দেওয়া
ডিজিটাল যুগে সঙ্গীর বদলে স্ক্রিন স্ক্রল করে বেশি সময় কাটানো বেশি আকর্ষণীয় মনে হতে পারে। এটি সবচেয়ে উপেক্ষিত কিন্তু সাধারণ সমস্যার মধ্যে একটি, যা অনেক দম্পতির ক্ষেত্রেই ঘটে থাকে। সঙ্গী আপনার সঙ্গে যখন কথা বলছেন, তখন তার দিকে মনোযোগ না দিয়ে স্ক্রল করতে থাকা মানে তাকে উপেক্ষা করা।
কৃতজ্ঞতা অবহেলা
বিছানা গোছানো, খাবার প্রস্তুত করা বা মানসিক সমর্থন দেওয়ার মতো দৈনন্দিন ছোট ছোট বিষয়কে হালকাভাবে নেবেন না। যা কিছু এমনিতে পেয়ে যাচ্ছেন তার পেছনে কিন্তু একজনের কষ্ট রয়েছে, পরিশ্রম রয়েছে, এটা সব সময় মাথায় রাখবেন। তাই ছোট ছোট বিষয়েও তাকে ধন্যবাদ দিতে ভুলবেন না। নয়তো আপনার অকৃতজ্ঞ স্বভাব আপনার সংসার ভাঙার জন্য যথেষ্ট হতে পারে।
অন্যদের সঙ্গে তুলনা
তুলনা হলো সম্পর্কের নীরব শত্রু। আপনার সঙ্গীকে অন্যদের সাথে তুলনা-সে বন্ধু, সহকর্মী বা সেলিব্রিটি - তার আত্মবিশ্বাস নষ্ট করতে পারে এবং হীনমন্যতা তৈরি করতে পারে। আপনার উদ্দেশ্য যাই হোক না কেন, এর ফলে তার নিজের কাছে নিজেকে ছোট মনে হতে পারে। তাই তার কী নেই সেদিকে মনোযোগ দেওয়ার পরিবর্তে, তার গুণগুলোর প্রশংসা করুন।